সমুদ্যম —সম্যক্ উদ্যম, চেষ্টা, আরম্ভ।
উর্দ্ধ্বন্দম —উন্নত, আনন্দিত, উচ্ছসিত।
সর্ব্বন্দম —দুঃষ্মন্ত পুত্র-ভরত, সকলের দমনকারী।
অরিন্দম —শত্রু দমন কারী, পরাভিভাবক।
বলিন্দম —বলিধ্বংসী, বিষ্ণু।
অকর্দ্দম —কর্দ্দম শূন্য, নির্ম্মল, পরিস্কৃত।
নরাধম —মনুষ্যের মধ্যে হেয়, হীন মানব, ইতর।
সুমধ্যম —যাহার কটিদেশ উত্তম,উত্তম কটিবন্ধ যুক্ত।
ঘটিন্ধম —কুম্ভকার, কুমার।
নাড়িন্ধম —স্বর্ণকার,সেকরা,স্থানান্তরস্থিত,ভয়ানক।
দুরানম —যাহা অনায়াসে নোয়ান যায় না।
অনুপম —[নিরুপম] উপমা রহিত, উৎকৃষ্ট,অতুল
দৃশোপম —শ্বেত পদ্ম।
চক্রভ্রম —শাণাদি যন্ত্র, কুন্দ যন্ত্র।
পরিভ্রম —পরিভ্রমণ, পর্য্যটন, বেড়ান।
অসম্ভ্রম —স্থিরতা, চাঞ্চল্যাভাব, অপমান, স্থির।
মনোরম —সুন্দর, সন্তোষ দায়ক, মনোহর।
স্তম্বেরম —গজ, হস্তী।
চাহারম —(যাং) চতুর্থ শ্রেণী, অধম।
টহরম —(যাং) পর্ব্বাহ জন্য কার্য্য বন্ধ।
দহরম —(দেং) সৌহার্দ্দ, বন্ধুতা।
মহরম —(যাং) মুসলমান দিগের প্রধান পর্ব্ব।

বকলম —(যাং) একের হস্তাক্ষরে অন্যের নাম লিখন
মোছল্লম —[কুল্লেহম] (যাং) সমগ্র, সামুদায়িক।
গতক্লম —যাহার শ্রান্তি দূর হইয়াছে।
উপশম —শমতা, শান্তি, নিবৃত্তি, নিগ্রহ।
চতুস্সম —চন্দন-কস্তূরী-অগুরু-কুঙ্কুম=৪ দ্রব্য, লবঙ্গ-সৈন্ধব-হরীতকী-জোয়ান=৪ দ্রব্য, ঔষধবিং
দুরাক্রম্য —যাহা আক্রমণ করা দুঃসাধ্য।
ব্যাখ্যাগম্য—উত্তরাভাস বিং, অর্থ ভিন্ন যাহা বোধগম্য
অধিগম্য —অপ্রাপ্য, অজ্ঞেয়।
জ্ঞানগম্য —জ্ঞানের বিষয়ীভূত, জানিবার যোগ্য, জ্ঞেয়
তারতম্য —ন্যূনাধিক্য, ইতর বিং।
পঙ্কজন্ম —কমল, পদ্ম, সারস পক্ষী।
অন্যজন্ম —(পুনর্জ্জন্ম) বিভিন্ন ঔরসে বা গর্ভে জাত।
অম্বুজন্ম —(জলজন্ম) পদ্ম, কমল, নলিনী, শঙ্খ।
ব্রহ্মজন্ম —২য় সংস্কার, উপনয়ন।
পঞ্চকর্ম্ম -বমন-রেচন-নস্য-নিরূহ-অনুবাসন=৫ তনুসেবা
কূটকর্ম্ম —জাল, প্রতারণা, জালকারী।
জাতকর্ম্ম —সংস্কার বিং, সন্তানোৎপাদন জনিত ক্রিয়া
প্রেতকর্ম্ম —অন্ত্যেষ্টি ক্রিয়া, সৎকার।
প্রতিকর্ম্ম —প্রসাধন, বেশভূষা, প্রতিকার, অপকর্ম্ম।
পিতৃকর্ম্ম —পিতার ঔর্দ্ধদেহিকাদি ক্রিয়া, পিতৃশ্রাদ্ধাদি
নিত্যকর্ম্ম —প্রত্যহ যেসকল কার্য্য করিতে হয়।

পুস্তকর্ম্ম —লেপন, চিত্র প্রভৃতি শিল্প কর্ম্ম।
অপকর্ম্ম —কুকর্ম্ম, দুষ্ক্রিয়া।
দৈবকর্ম্ম —দেবোদ্দেশে কার্য্য, যজ্ঞাদি।
ধর্ম্মকর্ম্ম —শুভাদৃষ্টপ্রতিপাদক ক্রিয়া, ধর্ম্ম কার্য্য।
ক্ষুরকর্ম্ম —[ক্ষৌরকর্ম্ম] ক্ষৌর, কামান।
দারকর্ম্ম —বিবাহ, পরিণয়।
পরিকর্ম্ম —প্রসাধন, অলঙ্কারাদি দ্বারা সাজান, স্নানানন্তর শরীরে গন্ধদ্রব্য লাগান, পরিচারক, ভৃত্য
কুলকর্ম্ম —কুলীনে কন্যা প্রদান, কুলক্রিয়া।
দশকর্ম্ম —গর্ভাধান-পুংসবন-সীমন্তোন্নয়ন-জাতকর্ম্ম-নামকরণ-নিষ্ক্রামণ-অন্নপ্রাশন-চূড়াকরণ-উপনয়ন-বিবাহ—এই দশ কর্ম্ম।
হিংসাকর্ম্ম—অভিচার-মারণ-মোহন-স্তম্ভন-বিদ্বেষণ-উচ্চাটন-বশীকরণ—এই ছয় কর্ম্ম।
নিশাচর্ম্ম —অন্ধকার, তমঃ, ধ্বান্ত।
ত্রয়ীধর্ম্ম —ঋক্-যজুঃ-সাম—এই তিন বেদোক্ত কর্ম্মকাণ্ড
রাজধর্ম্ম —রাজ ব্যবহার, রাজনীতি, রাজার কর্ত্তব্যকর্ম্ম
ক্ষত্রধর্ম্ম —ক্ষত্রিয়ের ধর্ম্ম, সাহস, পুরুষকার প্রভৃতি।
বর্ণধর্ম্ম —ব্রাহ্মণ-ক্ষত্রিয়াদির কর্ত্তব্য কর্ম্ম।
উপধর্ম্ম —কাল্পনিক ধর্ম্ম, অনীশ্বরে ঈশ্বরজ্ঞান, পাষণ্ড
স্ত্রীপুংধর্ম্ম—স্ত্রীপুং-পরস্পর কর্ত্তব্যধর্ম্ম, তদ্বিষয়ক বিবাদ
গ্রামধর্ম্ম —(গ্রাম্যধর্ম্ম) রমণ, মৈথুন, শৃঙ্গার।

নারীধর্ম্ম —নারীদিগের প্রতিপাল্যধর্ম্ম,পাতিব্রত্য,ঋতু
কালধর্ম্ম —কালের ধর্ম্ম, সময়ের স্বভাব, মৃত্যু।
কুলধর্ম্ম —সজাতীয় ধর্ম্ম, কুলাচার।
দেশধর্ম্ম —দেশের রীতি-নীতি, দেশাচার।
অধোমর্ম্ম —গুহ্য দ্বার, বায়ু।
তৃণহর্ম্ম্য —তৃণাচ্ছাদিত গৃহ, পর্ণকুটীর।

অম—অন্ত। (৫) পঞ্চাক্ষর।

হিরোইজম্ —(ইং) বীরত্ব।
অসাম্প্রতম্ —(অসাম্প্রতং) অযুক্ত,অনুচিত,অন্যায্য।
বারম্বারম্ —(বারম্বারং) পুনঃ পুনঃ,মুহুর্মুহুঃ, বার বার
উপজোষম —(উপযোষম) (উপজোষং,উপযোষং) আনন্দ, তুষ্ণীম্ভাব, চুপ করিয়া থাকা।
দুরতিক্রম —যাহা অতিক্রম করা দুঃসাধ্য—অলঙ্ঘনীয়
একাদিক্রম —ক্রমানুরূপ. আনুপূর্ব্বিক।
উদধিক্রম —সমুদ্র পথচারী, নাবিক।
পুরুষক্রম —পুরুষানুক্রম, কুল পর্য্যায়।
অকার্য্যক্ষম —কার্য্যের অনুপযুক্ত।
তোয়দাগম —(অম্বুদাগম, জলদাগম)মেঘাগম, বর্ষাকাল
সমুদাগম —সম্যক্ জ্ঞান।
দুরধিগম —দুষ্প্রাপ্য, দুর্জ্ঞেয়, দুষ্প্রবেশ।
উষ্ণোপগম —(উষ্ণাভিগম) গ্রীষ্মকাল।
অভ্যুপগম —স্বীকার,অনুমতি, নিকটে আগমন, প্রাপ্তি

সমুপগম —নিকটবর্ত্তিতা, নৈকট্য, মিলন।
দুরবগম —দুর্জ্ঞেয়।
কুসুমাগম —যে ঋতুতে পুষ্প জন্মে=বসন্ত কাল।
হৃদয়ঙ্গম —মনোহর, প্রিয়, মনোগত, উপযুক্ত।
নভসঙ্গম —পক্ষী, পাখী, বিহঙ্গ, নভঃগামী।
জলনির্গম —জলপথ, নর্দ্দমা, জলের নিঃসরণ।
প্রাণসংযম —প্রাণ বায়ুর অবরোধ, ন্যাস,প্রাণায়াম।
উপসংযম —পরিশেষ, সংগ্রহ, নিগ্রহ।
অন্তিকতম —অতি নিকট।
সপ্ততিতম —সত্তর সংখ্যার পূরক।
বিংশতিতম—বিংশতির পূরক।
লবণোত্তম —সৈন্ধব লবণ,সিন্ধু দেশজাত খনিজ লবণ।
দ্বিজসত্তম —দ্বিজ শ্রেষ্ঠ, ব্রাহ্মণ।
পুরুষোত্তম —বিষ্ণু, পুরুষ শ্রেষ্ঠ,জিন বিং, জগন্নাথ তীর্থ
জনিতোদ্যম--সতেজ, উদ্যমশীল, যত্নবান।
যক্ষকর্দ্দম —সমভাগ মিশ্রিত কর্পূর-অগুরু-কস্তূর্য্যাদি
দেবকর্দ্দম —শ্রীখণ্ড-অগুরু-কর্পূর-কুঙ্কুম মিশ্রিতপদার্থ
পুরুষাধম —পামর, নিকৃষ্ট, নীচ।
নাসিকন্ধম —যে নাসিকা দ্বারা শব্দকরে।
পরমাপম —মঙ্গলাদি গ্রহের পথ সূর্য্য পথের সহিত
যে কোণ প্রস্তুত করে।
অক্ষিবিভ্রম—দৃষ্টি বিভ্রম, চক্ষুর ভুল, অন্যথা দর্শন।

চিত্তবিভ্রম —বুদ্ধি ভ্রংশ, বাতুলতা, উন্মাদ।
সরগরম —(যাং) উৎসাহশীল, প্রভাব শালী, জাঁকাল
অনিত্যসম —দৃষ্টান্ত দ্বারা তর্ক করণ।
অনতিক্রম্য —যাহা অতিক্রম করা যায় না।
চাতুরাশ্রম্য —ব্রহ্মচর্য্য-গার্হস্থ্য-বাণপ্রস্থ্য-ভৈক্ষ্য=৪।
বিষয়কর্ম্ম —সাংসারিক কার্য্য, অর্থ উপার্জ্জন কর্ম্ম।
প্রারব্ধকর্ম্ম—পূর্ব্বজন্মারব্ধ কর্ম্ম, যে কর্ম্ম দ্বারা শরীর হয়
বারুণকর্ম্ম —জলাশয়-পুষ্করিণী খননাদি।
কল্পিতধর্ম্ম —অনীশ্বরে ঈশ্বর জ্ঞান।
নিমিত্তধর্ম্ম —পাপ মার্জ্জনা, নিষ্কৃতি, প্রায়শ্চিত্ত।

অম—অন্ত। (৬) ষড়ক্ষর।

রিউম্যেটীজম্—(ইং) বাত।
সিল্কওয়ারম্ —(ইং) রেশমী পোকা, গুটিপোকা।
সমুপজোষম্ —(সমুপজোষং) ভাগ্য বশতঃ, আনন্দ।
ভৌতিকনিয়ম--যে নিয়মে ভৌতিক কার্য্য নির্ব্বাহ হয়।
চন্দ্রবিহঙ্গম —বক পক্ষী।
পরলোকগম —মৃত্যু, দেহ ত্যাগ, মরণ।
বদরিকাশ্রম —বদরিকা দ্বারা আচ্ছাদিত আশ্রম, ব্যাস দেবের আশ্রম, তীর্থ বিং, নারায়ণাশ্রম
সর্ব্বরসোত্তম —লবণ রস, লবণ।
দত্তানপকর্ম্ম —দান করিয়া পুনরপহরণ না করা।

অম—অন্ত। (৭) সপ্তাক্ষর।

সামাজিকনিয়ম —সমাজের রীতি-নীতি।

বলাৎকারাভিগম—বলাৎকারপূর্ব্বক সতীত্ব বিনাশ।

আফলোদয়কর্ম্ম —ফল সিদ্ধি পর্য্যন্ত কর্ম্মকারী।

আম—অন্ত। [২] দ্ব্যক্ষর।

গাম্ —(ইং) মাড়ি।

গ্র্যাম্ —(ইং) ছোলা।

ড্রাম্ —(ইং) জয় ঢাক, পরিমাণ বিং।

পাম্ —(ইং) হাতের তালু, তাল ফল।

র‍্যাম্ —(ইং) ভেড়া, মেষ।

প্লাম্ —(ইং) কুল, বরাই।

হাম্ —(ইং) মৌমাছি। (যাং) আমি।

জার্ম, —(ইং) অঙ্কুর।

আম —নূতন, কাঁচা, অজীর্ণ রোগ, তুঁষরহিত ধান্যাদি, স্মরণ। (যাং) সাধারণ। (দেং) আম্র, আঁব।

কাম —কন্দর্প, বলরাম, অনুরাগ, অভিলাষ, উদ্বেগ, স্ত্রীপুরুষের সম্ভোগেচ্ছা, আম্রবৃক্ষ, রেতঃ, আশয়, যথেষ্ট, অনুজ্ঞা, ইচ্ছাপূর্ব্বক। (দেং) কার্য্যক্ষম।

খাম —(দেং) লেফাফা, ঘরের থাম ও পাই (যাং) মিথ্যা, বদ্

ক্ষাম —দুর্ব্বল, ক্ষীণ, শুষ্ক, কৃশ।

গ্রাম —লোকালয়, গাঁ, সঙ্গীতে ষড়জ-মধ্যম-গান্ধার-ত্রস্বর

ঘাম —(দেং) শ্রমজল, স্বেদ, ঘর্ম্ম।

চাম —(দেং) চর্ম্ম, ত্বক্, ছাল।
ছাম —(দেং) বাটওয়ারা বিং, তরফ।
শ্রাম —মণ্ডপ, গৃহ, মাস, কাল, সময়।
জাম —ফল বিং, বৃক্ষ বিং।
যাম —প্রহর পরিমিত সময়, সংযম, নিয়মন।
ঠাম —(দেং) ভঙ্গি, চারুতা, সুশ্রীকতা।
ড্যাম —(ইং) পশ্বাদির ধাড়ি, ব্যাঙ্গোক্তি, বোকা।
তাম —ভয়ের বিষয়, দুঃখ, দোষ, ইচ্ছা, পাপ, চিন্তা।
থাম —(দেং) স্তম্ভ, খাম। (যাং) চুপ কর।
দাম —এক দড়িতে বদ্ধ গরু, দোঁকা, মাল্য। (যাং) মূল্য
ধাম —শরীর, গৃহ, বাসস্থান, প্রভাব, উচ্চপদ, তেজঃ, অহঙ্কার, বীরত্ব, ঔজ্জ্বল্য, জন্ম, দেশ, ভবন।
ধ্যাম —কৃষ্ণবর্ণ, শ্যামল, গন্ধ তৃণ, ধমক বৃক্ষ।
নাম —সম্ভাবনা, নিশ্চয়, ক্রোধ, নিন্দা, আশ্চর্য্য, বিস্ময়, কীর্ত্তি, প্রকাশ্য, অলীক, স্বীকার, ছল, প্রসিদ্ধ, বিকল্প, বিতর্ক, স্মরণ, শোক, বাচক শব্দ, বিভক্ত্যন্ত শব্দ, সংজ্ঞা, আখ্যা, লিঙ্গ, উপগম।
বাম —বিমুখ, প্রতিকূল, বিপরীত, দক্ষিণেতর, বাঁ, সুন্দর, বক্র, নীচ, শ্রেষ্ঠ, শিব, কামদেব, ধন।
ব্যাম —বাঁউ, আপন২ হস্তের ৩॥০ হাত পরিমাণ।
ভাম —সূর্য্য, ক্রোধ, ভগিনীপতি, প্রভা।
ভ্রাম —ভ্রমণ।

মাম —মাতুল, মৎসম্বন্ধীয়।(দেং) বালকের খাদ্য বিং।

রাম —বিষ্ণুর তিন অবতার-পরশুরাম-রামচন্দ্র-বলরাম,বরুণ,ঘোটক,বাস্তুক শাক, কুষ্ঠ, শুভ্র,কৃষ্ণ

শাম —সন্ধি, মিল, সদ্ভাব, কুশল।

সাম —সামবেদের মন্ত্র-গান, সান্ত্বনা, সন্ধি।

শ্যাম —কৃষ্ণবর্ণবিশিষ্ট,প্রয়াগস্থ পবিত্র বটবৃক্ষ বিং,কৃষ্ণবর্ণ, কোকিল,হরিৎবর্ণ,মেঘ,সামুদ্র লবণ, মরিচ, গন্ধতৃণ, ধুস্তূর, শ্রীকৃষ্ণ, পীলু বৃক্ষ।

হাম —(হাঁম) (দেং) ক্ষুদ্রাকার ব্রণ বিং।

কাম্য —ভোগ্য, অভিলষণীয়, বাঞ্ছনীয়, কর্ত্তব্য কর্ম্ম, অভীষ্ট কর্ম্ম, ঐচ্ছিক, সুন্দর, রমণীয়।

গ্রাম্য —গ্রামজাত, ইতর, অসভ্য,অশ্লীল, জঘন্য,সামান্য

যাম্য —চন্দন বৃক্ষ, অগস্ত্য মুনি, যম দ্বারা শাসিত, যম সম্বন্ধীয়, দক্ষিণ দেশীয়।

সাম্য —সমতা,তুল্যতা,সাদৃশ্য,ঐক্য,একরূপতা।

আম্র —আম গাছ, আম্রফল।

তাম্র —তামা ধাতু,কুষ্ঠরোগ বিং, অরুণবর্ণ, তাম্রবর্ণ।

কার্ম্ম —কর্ম্মশীল, পরিশ্রমী, কার্য্য দক্ষ।

চার্ম্ম —চর্ম্মাবৃত রথ, চর্ম্মাচ্ছাদিত।

আম—অন্ত। (৩) ত্র্যক্ষর।

ইয়াম্ —(ইং) চুবড়ী আলু।

সংগ্রাম্—(ধা) যুদ্ধ-সংগ্রাম।

আটাম্—(ইং) শরৎ কাল।

ব্যাটাম্—(যাং) মলাট,আচ্ছাদন।

অরাম্—(ইং) কচু।

অ্যালাম্—(ইং) ফট্‌কিরি।

ওয়ার্ম্—(ইং) কীট, পোকা।

আয়াম—দৈর্ঘ্য, লম্বতা, বিস্তার। (যাং) কাল, সময়।

নিয়াম—নিয়ম,উপবাসাদি ধর্ম্ম-কর্ম্ম,প্রায়শ্চিত্ত,নিরোধ

প্রয়াম—দুষ্প্রাপ্যতা, যাহা ক্বচিৎ পাওয়া যায়, আরাম

ব্যায়াম—শ্রমসাধন ব্যাপার,মল্লক্রীড়া,কুস্তী,যাঁও, দুর্গম, দুর্গমস্থানে ভ্রমণ, পৌরুষ, ব্যাপার, দৈর্ঘ্য।

অকাম—(নিষ্কাম) অনিচ্ছুক, কাম রহিত।

নিকাম—সাতিশয়, গৃহ, পরব্রহ্ম।

প্রকাম—যথেষ্ট, পর্য্যাপ্ত, অত্যন্ত।

পাকাম—[বকাম] (দেং) ধৃষ্টতা।

মোকাম—(যাং) স্থান, আড্ডা, আড্ডা।

সকাম—সাভিলাষ, কামনাবিশিষ্ট, অখণ্ড।

সংক্রাম—[সঙ্ক্রাম] সাঁকো, সেতু, গমন, সংক্রমণ, তীর্থ, সোপান, সংক্রান্তি, প্রাপ্তি, প্রবেশ।

আগাম—(দেং) অগ্রিম, অগ্রে।

প্যাগাম—(যাং) সংবাদ, খবর।

মাগ্রাম—(দেং) আত্মশ্লাঘা, অহঙ্কার।

সংগ্রাম—[সঙ্গ্রাম] যুদ্ধ, রণ, লড়াই।

আচাম —আচমন, পান, ভক্ষণ, ভাতের মাড়।

লোচ্চাম—(দেং) লাম্পট্য, কামুকতা।

বিযাম —[সংযাম] বন্ধন,ধ্যান,সমাধি,যোগ,ব্রত নিয়ম, ইন্দ্রিয়নিগ্রহ,ব্রতাচার বিং, যাতনা, নিবৃত্তি।

আঞ্জাম—(যাং) নির্ব্বাহ, সরবরাহ।

নির্যাম —পোতবাহক, নাবিক।

কাঠাম —(দেং) বংশাদি রচিত আকৃতি, যাহার উপর দুর্গাদির মূর্ত্তি স্থাপন করা যায়—ঠাট, ঠাটর।

বোতাম—(দেং) জামাদির বন্ধনী বিং।

গুদাম —(দেং) মালাদি রাখিবার প্রশস্ত ঘর, গোলা।

শ্রীদাম —[সুদাম] শ্রীকৃষ্ণের সহচর, গোপ বিং।

বদাম —[বাদাম] ফল বিং, লেবু বিং।

বাদাম —স্বনাম খ্যাত বৃক্ষ,তৎফল (দেং) নৌকার পাইল

উদ্দাম —উৎকট,বন্ধনরহিত,স্বতন্ত্র, স্বেচ্ছাচারী,মহান্।

ব্যাধাম—বজ্র, অশনি।

প্রণাম —প্রণতি,ভক্তি,শ্রদ্ধাদিযুক্ত নমস্কার, যথা—অভি-বাদন-সাষ্টাঙ্গ-পঞ্চাঙ্গ—কর শিরঃ সংযোগ—৪

বেনাম—[বনাম] (যাং) অন্য নাম, গুপ্ত নাম।

উন্নাম —উন্নতিশীল।

বদ্‌নাম—(যাং) কুনাম, কুযশঃ, নিন্দা।

দুর্নাম —অর্শ রোগ, অখ্যাতি, কলঙ্ক, নিন্দা, কুৎসা।

আরাম—উপবন, বাগান, পীড়ার শান্তি।

শ্রীরাম—দশরথের পুত্র=রামচন্দ্র।
বিরাম—শান্তি, ক্ষান্তি, বিশ্রাম, নিবৃত্তি, উপরম, অবসান, ব্যাকরণে-পর বর্ণাভাব।
ভাঁড়াম—[দেং] ভণ্ডতা, পরিহাস, প্রবঞ্চনা, ফাঁকি।
অলাম—জিহ্বা মূল জাত শোথ রোগ বিং।
গোলাম—[যাং] দাস, ক্রীত কিঙ্কর।
নিলাম—[যাং] বিক্রয় রীতি বিং, গ্রহণ ক্রঃ।
ললাম—ভূষণ, ললাটভূষণ, ললাটস্থ চিহ্ন, শৃঙ্গ, পুচ্ছ, নাম, শ্রেষ্ঠ, শুণ্ড, অশ্ব, প্রধান, রম্য, শ্রেণী, ধ্বজ, অশ্বাভরণ
অকাম্য—অনভিলষণীয়, কামনা রহিত।
অশাম্য—অশমনীয়, দুর্দ্দম্য।
অস্বাম্য—অস্বামিত্ব, সত্বাভাব, অনধিকার।
পঞ্চাম্র—অশ্বত্থ-নিম্ব-চম্পক-বকুল-নারিকেল=এই পাঁচ
নাটাম্র—তরমুজ, কাঁকুড়।
কোষাম্র—কেওড়া ফল।

আম—অন্ত। (৪) চতুরক্ষর।

ইন্‌কাম্—(ইং) জমা, কর বিং।
নিতরাম্—(নিতরাং) সর্ব্বদা, অবশ্য, অগত্যা।
সুতরাম্—[সুতরাং] অত্যন্ত, অবশ্য, অগত্যা।
রিংওয়ার্ম্—[ইং] দাদ।
তোয়কাম—জল বেতস, জলাভিলাষী।
স্তুতিকাম—বৃহস্পতি, রাজমন্ত্রী।

ত্যক্তুকাম—ত্যাগেচ্ছু, নিষ্কাম।

কর্ত্তুকাম —চিকীর্ষু, করিবার নিমিত্ত ইচ্ছুক।

যথাকাম —[অনুকাম] যেমন ইচ্ছা, স্বেচ্ছানুসারে।

অর্থকাম —ধন লিপ্সা, অতিশয় আশা।

চূর্ণকাম —(চুণকাম) চূর্ণ দ্বারা গৃহ বিলেপন।

পূর্ণকাম —সফল মনোরথ, কৃতার্থ।

আয়ুস্কাম —যে দীর্ঘ জীবন ইচ্ছা করে-দীর্ঘজীবনেচ্ছুক

মনস্কাম —মনের অভিলাষ, বাঞ্ছা।

গণ্ডগ্রাম —প্রশস্ত গ্রাম, বহু জন বাসস্থান।

শালগ্রাম —বিষ্ণুর মূর্ত্তি বিং, মূল বিং, ক্ষেত্র বিং।

পল্লিগ্রাম —পাড়া গাঁ, ক্ষুদ্র গ্রাম।

দণ্ডযাম —যম, অগস্ত্য মুনি, দিন।

যাতযাম —জীর্ণ, বৃদ্ধ,কৃশ,শীর্ণ, হ্রাসপ্রাপ্ত,ভুক্ত,বর্জ্জিত

উপযাম —বিবাহ, পরিণয়।

ফুল্লদাম —ছন্দো বিং।

লঘুনাম —অগুরু।

উপনাম —কল্পিত নাম, কৃত্রিম নাম, উপাধি।

সর্ব্বনাম —বিশেষ্যের পরিবর্ত্তে ব্যবহার্য্য, সকলের সংজ্ঞা, সর্ব্ব-যৎ-তৎ ইত্যাদির নাম।

পরিণাম —অবস্থান্তর প্রাপ্তি, চরম দশা, শেষ, পরিপক্কতা, বার্দ্ধক্য, কাব্যালঙ্কার বিং।

রাশিনাম —রাশি বর্ণানুযায়িক নাম, গুপ্ত নাম।

আত্মারাম—যে ব্রহ্মজ্ঞানে সর্ব্বদা আনন্দ থাকে।
সন্ধ্যারাম —ব্রহ্মা, প্রজাপতি, পিতামহ, কমলযোনি।
উপরাম —নিবৃত্তি, বিরাম, উপরতি।
অভিরাম —রমণীয়, সুন্দর, প্রিয়।
বলরাম —বলদেব, শ্রীকৃষ্ণের জ্যেষ্ঠ ভ্রাতা, হলধর।
পর্শুরাম —জমদগ্নি পুত্র, পরশুরাম।
গৃহারাম —বাটীর নিকটস্থ উদ্যান, উপবন।
ঘনশ্যাম —সজল মেঘের ন্যায় শ্যামবর্ণ—শ্রীকৃষ্ণ।
শ্বকাম্য —কুক্কুর, কুকুর, সারমেয়, শ্বা।
ধাতুসাম্য—স্বাস্থ্য, রোগ বর্জ্জিত।

আম—অন্ত। (৫) পঞ্চাক্ষর।

পরস্পারাম্ —[পরস্পরাং] অন্যোন্য, মিথঃ।
আর্থওয়ার্ম্ —(ইং) কেঁচো।
শফরীআম —(দেং) পেয়ারা, আঁজি।
বিপরিণাম —বিপর্য্যাস, পরিবর্ত্তন।
অতিতরাম —(অতিতরাং) অত্যধিক।
পরশুরাম —জমদগ্নির পুত্র—ভার্গব।

আম—অন্ত। (৬) ষড়ক্ষর।

অভ্যন্তরায়াম—বায়ু রোগ বিং, কুঁজো।
অতুহিনধাম —সূর্য্য, উষ্ণ রশ্মি।
বায়ুপরিণাম —যে দ্রব্য বায়ু রূপে উড়িয়া যায়—কর্পূর
নিমকহারাম—(যাং) বিশ্বাসঘাতক, প্রভুভক্তিহীন, অবিশ্বস্ত

ইম—অন্ত। (২) দ্ব্যক্ষর।

কিম্ —(কিং) প্রশ্ন, কুৎসা, নিন্দা, প্রয়োজনাভাব, কে, কি, নিষেধ, বিতর্ক, সংশয়, কুৎসিত, সর্ব্ব।

ক্রিম্ —(ইং) সর—দুগ্ধ দধি প্রভৃতির সার।

স্কিম্ —(ইং) শকুনির ডাক।

স্ক্রিম্ —(ইং) ময়ূরের ডাক।

ড্রিম্ —(ইং) স্বপ্ন।

তিম্ —(ধা) আর্দ্রভাব হ-তিমিত, তিমির, তেমন, তিন্তিড়

নিম্ —(দেং) নিম্ব বৃক্ষ।

বীম্ —(ইং) কড়িকাঠ।

ডিম —রঙ্গস্থলে যুদ্ধ বা নগরাবরোধাদিপ্রদর্শন, অণ্ড।

তিম —প্রকাণ্ড মৎস্য বিং, তিমি মৎস্য।

ভীম —মধ্যম পাণ্ডব, মহাদেব, দময়ন্তীর পিতা, ভীষণ।

শিম —(দেং) শিম গাছ, শিম্বী।

সিম —সমুদায়, সকল, অখণ্ড, সম্পূর্ণ, (দেং) ফল বিং।

হিম্য —শীতল, ঠাণ্ডা, হিমে জমা।

ঈর্ম্ম —(ঈর্ম্ম) যাহার দ্বারা ব্যথা পায়—ব্রণ, ক্ষত, ঘা।

ইম—অন্ত। (৩) ত্র্যক্ষর।

করীম্ —(যাং) দাতা, উপকারী।

ক্রাইম্ —(ইং) দোষ, অপরাধ।

টাইম্ —(ইং) সময়।

লাইম্ —(ইং) চুণ, নেবু।

যাঁইম —(যাং) যাব, যাইব।

খাইম —(যাং) খাব, খাইব।

পাকিম —পাক দ্বারা নিষ্পন্ন।

সিকিম —(যাং) খাঁটি, স্থির, দেশ বিং।

মেকিম —মূলক, মূলা।

হাকীম —(যাং) বিচার পতি।

বক্রিম —বক্রতা, কৌটিল্য, শঠতা, অসারল্য।

অগ্রিম —প্রথম, জ্যেষ্ঠ, প্রধান, উত্তম।

পশ্চিম —যে দিকে সূর্য্য অস্ত যায়, অনন্তর, পৃষ্ঠদেশ।

কাছিম—[কর্চ্ছপ শব্দজ] (দেং) কমঠ, কূর্ম্ম।

মঞ্জিম —সৌন্দর্য্য, শোভা, চারুতা।

ঝিঞ্জিম—দাবানল। ঝিম্‌ঝিম—(দেং) গাত্রদাহ বিং।

লাটিম —(দেং) স্বনাম খ্যাত বর্ত্তুলাকার ক্রীড়া দ্রব্য।

ডিণ্ডিম —বাদ্য যন্ত্র বিং, ঢোল, ঢেঁড়া, পেনেলা ফল।

প্রতিম —শব্দের পরবর্ত্তী হইলে-সদৃশার্থ বাচক, তুল্য।

কৃত্রিম —ক্রিয়া দ্বারা নিষ্পন্ন, কল্পিত, অস্বাভাবিক, রচিত, জাল, বিট-কাচ লবণ, রসাঞ্জন, পুত্রবিং।

দত্রিম —দান দ্বারা নিষ্পন্ন, দত্তক পুত্র।

পক্ত্রিম— পরিপাক দ্বারা উৎপন্ন, পাকিম।

অন্তিম —শেষ, চরম, অন্ত কালীন, অতি সন্নিহিত।

উপ্তিম —উপ্ত, যাহা চাষ করা হইয়াছে।

অস্তিম —ধনবান্‌, সমৃদ্ধশালী।

প্রথিম—পৃথুত্ব, স্থূলত্ব, বিশালতা, বিপুলত্ব।

আদিম—প্রথম, আদ্য।

পদ্হিম—পদের শীতলতা, পা-ঠাণ্ডা হওয়া।

তূষ্ণীম—(তূষ্ণীং) নীরব, মৌনী।

আফিম—[অহিফেন শব্দজ] (দেং) অহিফেন।

তিরিম—ধান্য বিং।

ইলিম—(যাং) বিদ্যা, ব্যবসায়, শিল্প কর্ম্ম।

গালিম—(যাং) অরাতি, দ্বিষদ্, অরি, নির্দ্দয়, দস্যু।

চেলীম—ক্ষুদ্র মৎস্য বিং।

ছিলিম—(দেং) হুঁকা, হুঁকা, কলিকা, কল্কী।

ডালিম—[দালিম, দাড়িম] প্রসিদ্ধ বৃক্ষ ও ফল।

তলিম—কুট্টিম, পাকা মেজে, চন্দ্রাতপ, খড়্গা, শয্যা।

তালিম—(দেং) উপদেশ, শিক্ষা।

অসীম—যাহার সীমা নাই, অনন্ত।

সুশীম—শীতলতা, শীতল।

সুষীম—শীতল, সুন্দর, মনোজ্ঞ, স্বর্ণ, সর্পবিং, চন্দ্রকান্তমণি

ইম—অন্ত। (৪) চতুরক্ষর।

অপশ্চিম—অন্ত্য, শেষ, চরম, অতিশয়।

বিমজ্জিম—(যাং) অনুসার, মতে।

অপ্রাতিম—অনুপম, অতুল্য।

অকৃত্রিম—স্বাভাবিক, অকাল্পনিক, খাঁটি।

বিপক্তিম—পরিপক্ক, পাক দ্বারা জাত।

মহাভীম —শান্তনুরাজা, ভৃঙ্গিনামে শিবের দ্বারী, ভয়ানক

দ্রুকিলিম —দেবদারু বৃক্ষ।

পচেলিম —সূর্য্য, অগ্নি, স্বয়ং পক্ক, পাকের উপযুক্ত।

ইম—অন্ত। (৫) পঞ্চাক্ষর।

অবসেকিম —পিষ্টক বিং, বড়া।

বস্ত্রকুটিম —আতপত্র, ছত্র, বস্ত্রগৃহ, বস্ত্রাবাস, তাম্বু।

ধূলিকুটিম —বপ্র, প্রাকার, ক্ষেত্র।

জয়ডিণ্ডিম —রণবাদ্য, সংগ্রাম পটহ।

মহামহিম —অতিশয় মহিমান্বিত, প্রতাপশালী, শ্রেষ্ঠতম

অভয়ডিণ্ডিম—যুদ্ধ ঢক্কা, জয় ঢাক।

উম—অন্ত। [২] দ্ব্যক্ষর।

উম্ —ক্রোধ, কোপ, প্রতিজ্ঞা, স্বীকার, প্রশ্ন।

ধুম্ —(দেং) সমারোহ, গণ্ডগোল।

রুম্ —(ইং) কুঠরী, ঘর, দেশ বিং।

হুম্ —[হূম্] স্বীকার, সম্মতি, নিষেধ, প্রশ্ন, সংশয়, গানধ্বনি, অসূয়া, স্মৃতি, বিতর্ক।

উম —গর্ব্ব, ক্রোধ, নিন্দা, ভৎর্সনা, প্রশ্ন, নগর বিং।

কুম —সরোবর, পুষ্করিণী।

গুম —(যাং) অনুদ্দেশ, লুকাইয়া রাখা।

ঘুম —নিদ্রা, তন্দ্রা।

চুম —(দেং) ওষ্ঠ দ্বারা ওষ্ঠ কি গণ্ডাদি স্পর্শ কং।

ঠুম —(ডুম) (দেং) টুকরা, খণ্ড।

স্থূম —চন্দ্র, দীপ্তি, আলোক।

দ্রুম —বৃক্ষ-যাহারা উর্দ্ধ্বগামী, পারিজাতবৃক্ষ, কুবের।

ধূম —প্রভব, আদ্রেন্ধন, ধূঁয়া, মুনি বিং।

লূম —লাঙ্গুল, লেজ, পুচ্ছ।

সুম —পুষ্প, কুসুম, চন্দ্র, গগণ, আকাশ। (দেং) কৃপণ।

স্নুম —আকাশ, দুগ্ধ, জল।

স্যুম —কিরণ, রশ্মি, জল।

উম্য —মসিনার ক্ষেত্র।

ধূম্র —কৃষ্ণলোহিত বর্ণ, তুরুস্ক, পাপ, দুষ্কর্ম্ম।

রুম্র —সূর্য্য সারথি, অরুণ।

গুল্ম —চারাগাছ, রোগ-সৈন্যসংখ্যা বিং. থানা, ঝোপ।

কূর্ম্ম —বায়ু-মুদ্রা-বিষ্ণুর অবতার বিং, কাছিম।

শূর্ম্ম —(শূর্ম্মি) লৌহপ্রতিমা, কর্ণিকা বিং।

উম—অন্ত। (৩) ত্র্যক্ষর।

হুকুম —(যাং) আজ্ঞা, অনুমতি।

কুঙ্কুম —কাশ্মীর দেশজগন্ধদ্রব্য ও একপ্রকার পুষ্প বিং

বিদ্রুম —পদ্মরাগ মণি, প্রবাল, কিশলয়, মুক্তাফল বৃক্ষ।

দুদ্রু্ম —হরিৎ পলাণ্ডু।

গোধুম —[গোধূম] গম, নাগরঙ্গ।

নির্ধূম —ধূম রহিত, নির্ম্মল, পরিস্কার, শান্ত, নিঃশেষ।

সুভূম —কার্ত্তবীর্য্য-জৈনমতে ইনি ৮ম চক্রবর্ত্তী।

তুড়ুগ —(দেং) পাদ বন্ধনী, নিগড়, বেড়ী, পেটারা।

গুড়ুম —[ধুড়ুম] (যাং) জোরে নিক্ষেপ, বৃহৎ শব্দ।
হুড়ুম —(দেং) মুড়ি, চিড়া ভাজা।
জুলুম —(যাং) পীড়ন, অত্যাচার।
মালুম —(যাং) জ্ঞাপন, জানা।
কুসুম —পুষ্প, ফুল, স্ত্রীলোকের ঋতু, চক্ষুরোগ বিং।

উম—অন্ত। (৪) চতুরক্ষর।

বাথরুম্ —(ইং) স্নানঘর।
শক্রদ্রুম —দেবদারু বৃক্ষ।
দীর্ঘদ্রুম —[যমদ্রুম] শাল্মলি বৃক্ষ, শিমুল গাছ।
শুচিদ্রুম —অশ্বত্থ বৃক্ষ, পিপ্পল।
ধ্বজদ্রুম —তালগাছ।
বজ্রদ্রুম —সিজগাছ, স্নুহী বৃক্ষ।
ইন্দ্রদ্রুম —অর্জ্জুন বৃক্ষ, কুটজ বৃক্ষ।
বোধিদ্রুম —[ক্ষীরদ্রুম] অশ্বত্থ বৃক্ষ।
মধুদ্রুম —বৃক্ষ বিং, মৌলগাছ।
তৃণদ্রুম —তাল বৃক্ষ, গুবাক-নারিকেল বৃক্ষ, তালী, কেতকী, খর্জ্জুর, হিন্তাল।
মুনিদ্রুম —বকপুষ্প বৃক্ষ, শ্যোনাক বৃক্ষ।
যূপদ্রুম —খদির বৃক্ষ, রক্ত খদির।
শিবদ্রুম —বিল্ববৃক্ষ, বেলগাছ।
চর্ম্মদ্রুম —ভূর্জ্জ বৃক্ষ, ভোজপাতার গাছ।
সারদ্রুম —খদির বৃক্ষ।

কলিদ্রুম —বিভীতক বৃক্ষ, বয়ড়া গাছ।

মহাদ্রুম —অশ্বত্থ বৃক্ষ, বৃহৎ বৃক্ষ।

ধনুদ্রুম —বংশ, বাঁশ।

পঙ্কধূম —নরকের বিভাগ বিং।

নভোধূম —[ব্যোমধূম] মেঘ, জলদ, জলধর, জীমূত।

অলন্ধূম —অত্যন্ত ধূম, ধূম সমূহ।

কৃষ্ণভূম —কৃষ্ণবর্ণ মৃত্তিকা যুক্ত দেশ।

উদস্ভূম —উত্তম মাটী, উর্ব্বরা ভূমি।

জলকূর্ম্ম —শিশুমার, শুশুক।

বাতগুল্ম —রোগ বিং, ক্ষিপ্ত, পাগল।

জলগুল্ম —কূর্ম্ম, কচ্ছপ, কাছিম, জলাবর্ত্ত, জলের পাক

উম—অন্ত। (৫) পঞ্চাক্ষর।

গ্রাম্যকুঙ্কুম —কুসুম্ভ।

কণ্টকদ্রুম —শাল্মলী বৃক্ষ, শিমুলগাছ, কাঁটানটে।

কণ্টকীদ্রুম—খদির বৃক্ষ, খেজুর গাছ।

অর্জ্জুনদ্রুম —আজন নামে খ্যাত--ককুভ বৃক্ষ।

পাণ্ডুরদ্রুম —কুটজ বৃক্ষ, কুরচী গাছ।

তাপসদ্রুম —ইঙ্গুদী তরু।

বিজয়াধূম —গাঁজা।

গণ্ডকুসুম —মদস্রাব, হস্তীর গণ্ডস্থল নিঃসৃত দান জল

চণ্ডীকুসুম —রক্ত করবী পুষ্প, রাঙ্গা করবী।

দেবকুসুম —লবঙ্গ।

বিসকুসুম—কমল, পদ্ম, জলজ, শতদল, উৎপল।

উম—অন্ত। (৬) ষড়ক্ষর।

মহারাজদ্রুম—আরগ্বধ, সোঁদালি গাছ।

গীর্ব্বাণকুসুম—লবঙ্গ।

কদলীকুসুম—কদলী পুষ্প, মোচা।

গণেশকুসুম—রক্তকরবী গাছ, পুষ্প বিং।

এম—অন্ত। (২) দ্ব্যক্ষর।

গেম্ —[ইং] জুয়াখেলা,বাজি,ঠাট্টা [দেং]তাসখেলা বিং

জেম্ —[ইং] জহর, রত্ন, প্রবাল, কলিকা, কলি।

টেম্ —[ইং] পোষা, পালিত।

ষ্টেম্ —(ইং) বৃন্ত, বোঁটা।

ল্যেম্ —(ইং) খোঁড়া, খঞ্জ।

ক্লেম্ —(ইং) দাওয়া, দাবি।

ফ্লেম্ —(ইং) শ্লেষ্মা, কফ, উজ্জ্বল হওন, প্রজ্জ্বলিত।

ক্ষেম —লব্ধ বস্তুর রক্ষা, কুশল, গন্ধ দ্রব্য বিং।

তেম —(স্তেম) আদ্র করণ, ভিজান, আর্দ্রীভাব।

নেম —সময়, সায়ংকাল, অংশ, প্রকার, উৰ্দ্ধ, ছল, বেষ্টন, গর্ত্ত, সকল, ভিন্ন, অর্দ্ধ, মূল্য। (ইং) নাম

প্রেম —অনুরাগ, প্রণয়, নর্ম্ম, সদ্ভাব, ইন্দ্র, বায়ু।

বেম —মাকু, তাঁত, লাঙ্গল দণ্ড।

মেম —[বাং] বিবি, মান্যা স্ত্রী, সাহেবের স্ত্রী।

সেম —তৃতীয় শ্রেণীর জমী। [ইং] লজ্জা।

হেম —স্বর্ণ, সোণা, সুবর্ণ।

কায়েম্‌—(যাং) স্থির, দৃঢ়।

এম—অন্ত। (৪) চতুরক্ষর।

যোগক্ষেম—অনাগতের আনয়ন এবং আগতের রক্ষণ, লভ্য, মঙ্গল, উত্তরাধিকারীর অবিভাজ্য ধন

মোজাহেম—(যাং) আপত্তি।

এম—অন্ত। (৬) ষড়ক্ষর।

ছোলারছিষ্টেম্‌—(ইং) সৌরজগৎ।

ঐম—অন্ত। (২) দ্ব্যক্ষর।

তৈম —তিমি সদৃশ জীব, শুশুক।

হৈম —হিরণ্ময়, সৌবর্ণ, শীতল, হিমজল, শিশির, চিরাতা

জৈহ্ম —জিহ্মতা, কুটিলতা, বক্রতা।

ওম—অন্ত। (২) দ্ব্যক্ষর।

ওম্‌ —(ওঁ) প্রণব, সকল মন্ত্রের আদ্যোচ্চার্য্য বর্ণ, স্বীকার, প্রশ্ন, অপাকরণ, ব্রহ্ম. [অ-উ-ম্‌] অর্থাৎ ব্রহ্মা-বিষ্ণু-মহেশ্বর=এই ত্রিবর্ণাত্মক বীজ।

ডোম —(দেং) বর্ণসঙ্কর জাতি বিং, ডম।

স্তোম —রাশি, সমূহ, যজ্ঞ, প্রশংসা বাক্য, স্তব, মস্তক, ধন

ব্যোম —শূন্য, গগণ, অভ্রক, জল, সূর্য্যোপাসনার্থ মন্দির

মোম —(যাং) শিকৃথক, মৌচাক জাত বস্তু।

রোম —লোম, রোঁয়া, তনুরুহ, জল। (ইং) ভ্রমণ-কৃ।

লোম —শরীর জাত কেশ, রোঁয়া, পুচ্ছ, লাঙ্গুল, লেজ

ক্ষৌম—শারীর যন্ত্র বিং, ফুস্‌ফুস্, মূত্রাধার, পট্‌কা।

সোম—চন্দ্র, কুবের, যম, বায়ু, কর্পূর, জল, অমৃত, পর্ব্বতবিং, সোমলতার রস, কাঁজি, আকাশ, স্বর্গ, উপাধি বিং

হোম—দেবোদ্দেশে অগ্নিতে মন্ত্রপুতঃ ঘৃতাদি ক্ষেপণ।

হোম্য—হোমোপযুক্ত ঘৃত, হোম সম্বন্ধীয়।

ওম—অন্ত। (৩) ত্র্যক্ষর।

বিলোম—বিপরীত, প্রতিকূল, বরুণ, সর্প, কুক্কুর, জল তুলিবার যন্ত্র বিং, বড় কূপ, লোম শূন্য।

নৃসোম—নর চন্দ্র-নরশ্রেষ্ঠ।

ওম—অন্ত। (৪) চতুরক্ষর।

আয়ুষ্টোম—জীবন বৃদ্ধিকারক যজ্ঞ বিং।

জ্যোতিষ্টোম-যাহাতে জ্যোতির্গণের স্তুতি আছে, যজ্ঞবিং

অগ্নিষ্টোম—যাগ বিং, যাহাতে অগ্নির স্তুতি করাযায়।

ব্রাত্যষ্টোম--যজ্ঞ বিং, ব্রাত্যদোষ নাশনার্থ যজ্ঞ।

পরিস্তোম—হস্তির পৃষ্ঠস্থিত চিত্রিত বস্ত্র বা কম্বল।

প্রতিলোম—বাম, প্রতিকূল, বিপরীত, ব্যুৎক্রম, ব্যত্য

আস্যলোম—শরীরস্থিত লোম, শ্মশ্রু, দাড়ী।

অনুলোম—অনুক্রম, অনুকূল, প্রতিরোম।

বারিলোম—বরুণ, জলাধিপতি।

আস্যলোম--শ্মশ্রু, দাড়ী।

গন্ধসোম—শ্বেতোৎপল, কুমুদ।

প্রাতিলোম-ব্যতীক্রম, বৈপরীত্য, প্রাতিকূল্য।

ওম—অন্ত। (৫) পঞ্চাক্ষর।

সহস্ররোম—আবিক, কম্বল।

দ্বিজানুলোম-প্রথম তিন বর্ণের বা জাতির নিয়মবন্ধন।

অবন্তিসোম-কাঁজি, আমানি।

ঔম—অন্ত। (২) দ্ব্যক্ষর।

ঔম্ —(ঔঁ) শূদ্রের প্রণব।

ক্ষৌম—প্রাসাদের উপরিভাগস্থ গৃহ, অট্টালিকা, পট্টবস্ত্র

ভৌম—নরকাসুর, মঙ্গলগ্রহ, ভূমিসম্পর্কীয়, ভূমিজাত।

রৌম—খনিজ লবণ বিং, শম্বর লবণ।

সৌম্য—সোমের পুত্র, বুধগ্রহ, ব্রাহ্মণ, উড়ুম্বর বৃক্ষ, বৃষ-কর্কট-কন্যা-বৃশ্চিক-মকর-মীনরাশি, জগতের একখণ্ড, সুন্দর, প্রসন্ন, শান্তমূর্ত্তি, সাধু, বিনীত

কৌর্ম্ম—কূর্ম্মাদি।

ঔম—অন্ত। (৩) ত্র্যক্ষর।

অসৌম্য —মন্দ, অভদ্র, অপ্রিয়, কুৎসিত।

ঔম—অন্ত। (৪) চতুরক্ষর।

সার্ব্বভৌম—সম্রাট, চক্রবর্ত্তী, রাজা, কুবেরের হস্তী।

মা। (১) একাক্ষর।

মা —বিকল্প, নিন্দা, নিষেধ, কমলা, লক্ষ্মী, মাতা, দীপ্তি, জ্ঞান, পরিমাণ, আমাকে। (ধা) পরিমাণ, মাপ-মান।

অমা—অন্ত। (২) দ্ব্যক্ষর।

অমা —সহিত, নিকট, অমাবস্যা, চন্দ্রের ১৬ কলা।

কমা —দ্যুতি, কান্তি, শোভা, (ইং) ছেদ বিং।
ক্ষমা —সহিষ্ণুতা,ক্ষিতি,দুর্গা,পৃথিবী,রাত্রি,মার্জ্জনা।
জমা —(যাং) আয়, সঞ্চয়, বৃদ্ধি।
তমা —রাত্রি, রজনী, নদী বিং, তমাল বৃক্ষ।
প্রমা —যথার্থ জ্ঞান,প্রমিতি, ভ্রমভিন্ন জ্ঞান।
রমা —লক্ষ্মী, পদ্মা, পদ্মালয়া, কমলা, উপপত্নী।
সমা —বর্ষ, সম্বৎসর।
হম্মা —গোধ্বনি, গোক্কুর শব্দ।
শম্যা —যুগকীলক, ডান হাত, গীতের তান বিং।
বর্ম্মা —ক্ষত্রিয়ের উপাধি বিং, বিন্ধনাস্ত্র বিং।
শর্ম্মা —ব্রাহ্মণ মাত্রের উপনাম, সুখী।

অমা—অন্ত। (৩) ত্র্যক্ষর।

অক্ষমা —ঈর্ষা, ক্রোধ, নিন্দা।
অ্যাজমা—(ইং) হাঁপকাশ।
অর্য্যমা —আদিত্য, সূর্য্য।
ছোটমা—(দেং) বিমাতা, কনিষ্ঠ মা,লক্ষ্মী,কমলা,সম্পত্তি
উত্তমা —ক্ষীরিকাবৃক্ষ,শ্রেষ্ঠা,নায়িকাবিং,যথা-রসমঞ্জরী

অহিত করিলে পতি যেবা করে হিত।
উত্তমা তাহার নাম বলয়ে পণ্ডিত॥

চন্দ্রমা —চন্দ্র।
নর্দ্দমা —(দেং) পয়নালা, পয়ঃ প্রনালী।
অধমা —নীচ,অপকৃষ্টাস্ত্রী,নায়িকা বিং,যথা-(রসমঞ্জরী)

হিত কৈলে অহিত করয়ে যেই জন।
অধমা তাহার নাম বলে কবিগণ॥

মধ্যমা —মাঝারি, নায়িকা বিং, যথা—(রসমঞ্জরী)
হিত কৈলে হিত করে অহিতে অহিত।
মধ্যমা তাহার নাম মধ্যম চরিত॥

পূর্ণমা —পূর্ণিমা তিথি, পৌর্ণমাসী।
উপমা —সাদৃশ্য, তুল্যতা, তুল্য, দৃষ্টান্ত।
দরমা —(দেং) নল নির্ম্মিত দ্রব্য বিং, চাঁচ।
সরমা --বিভীষণ পত্নী, শূনী, কুক্কুরী।
বড়মা —অলক্ষ্মী, বিপদ, অপবাদ, জ্যেষ্ঠ মা।
চশমা —উপচক্ষু, কাচ নির্ম্মিত নয়নাবরণ।
মুসম্মা —(যাং) মিনাহ, মুজরা।
অগম্যা—যে স্ত্রী গমনে মহাপাতক হয়, দুর্গম্যা।
অজন্মা —অবৈধ জাত, দুর্ভিক্ষ।
দ্বিজন্মা—ব্রাহ্মণ-ক্ষত্রিয়-বৈশ্য, পক্ষী, সর্প, কূর্ম্ম।
বিজন্মা—জারজ, অনুজাত, বিজাত।
সুজন্মা —শোভনজন্মা, সৎকুলোদ্ভব, সুন্দর।
অকর্ম্মা--নিষ্কর্ম্মা, কার্য্যাক্ষম, বিপরীত কর্ম্ম কারী।
সুকর্ম্মা —বিশ্বকর্ম্মা, ত্বষ্টা, যোগ বিং, কর্ম্মঠ।
দুষ্কর্ম্মা —কুক্রিয়ান্বিত, পাপাত্মা, মন্দকর্ম্ম, পাপ।
নিষ্কর্ম্মা—যাহার কোন কর্ম্ম নাই, অলস, নিরুৎসাহ।
সুচর্ম্মা —ভূর্জ্জপত্র বৃক্ষ।

দুশ্চর্ম্মা —অনাবৃত মেঢ্র, প্রকাশিত শিশ্ন।

নৃধর্ম্মা —কুবের, মনুষ্য ধর্ম্মাক্রান্ত।

সধর্ম্মা —এক ধর্ম্মাক্রান্ত. সদৃশ, তুল্য রূপ, সমধিক।

সুধর্ম্মা —দেবসভা, ইন্দ্রের সভা।

সুশর্ম্মা —নৃপতি বিং, ত্রিগর্ত্ত দেশের রাজা, অতিশয় সুখী

অমা—অন্ত। (৪) চতুরক্ষর।

গন্ধোত্তমা —মদিরা, মদ্য।

তিলোত্তমা—স্বর্গীয় বেশ্যা বিং।

মোকদ্দমা —(যাং) বিবাদ, নালিশ।

অনুপমা —কুমুদ নামা দিগ্ গজ স্ত্রী, অসাদৃশ্য।

মালোপমা—বাক্যালঙ্কার বিং।

ঠাকুরমা —(দেং) পিতামহী, পিতার মাতা।

মনোরমা —বুদ্ধিশক্তি বিং, মনোজ্ঞা, সুন্দরী, পঙ্‌ক্তি, ছন্দো-দেবতাবিং, গোরোচনা, কার্ত্তবীর্য্যস্ত্রী

প্রাণসমা —প্রাণতুল্যা, জীবন সমা, দারা, ভার্য্যা, স্ত্রী।

পয়োজন্মা—মেঘ, বারিদ।

একজন্মা —রাজা, শূদ্র।

পঙ্কজন্মা —চন্দ্র, পঙ্কজাত।

অগ্রজন্মা —ব্রাহ্মণ, ব্রহ্মা, পুরোহিত, অগ্রজ।

চিত্তজন্মা —মনোভু, মনোভব, কন্দর্প।

আত্মজন্মা —পুত্র, কন্যা।

অন্ত্যজন্মা —নীচ জাতি, শূদ্র, চণ্ডাল।

বর্ত্তজন্মা　—মেঘ।

পদ্মজন্মা　—ব্রহ্মা, প্রজাপতি।

সিন্ধুজন্মা —সমুদ্রোদ্ভব, চন্দ্র, সৈন্ধব লবণ।

মনোজন্মা —কামদেব, মদন, মনোযোনি।

পূর্ব্বজন্মা —দিব্য পিতৃগণ, স্বধাভুজ, জ্যেষ্ঠাভগিনী।

নাভিজন্মা—প্রজাপতি, পিতামহ, ব্রহ্মা।

কুম্ভজন্মা —কুম্ভ হ'তে উৎপন্ন-অগস্ত্য, বশিষ্ঠ, দ্রোণাচার্য্য

শরজন্মা —কার্ত্তিক, কার্ত্তিকেয়।

পরিজন্মা —চন্দ্র, অগ্নি।

সরোজন্মা—সরোজাত, পদ্ম, কমল।

শুঙ্গাকর্ম্মা —পুংসবন, সংস্কার বিং।

কৃতকর্ম্মা —কার্য্যক্ষম, কৃত কার্য্য, নিপুণ, শিক্ষিত।

লক্তকর্ম্মা —রক্তবর্ণ লোধ্র বৃক্ষ।

পুস্তকর্ম্মা —লিপ্যাদি শিল্প কর্ম্মকর্ত্তা।

তীক্ষ্ণকর্ম্মা —কার্য্যদক্ষ, পারগ, তৎপর, উদ্‌যোগী।

কৃষ্ণকর্ম্মা —পাপী, দোষী, অধার্ম্মিক।

চিরকর্ম্মা —দীর্ঘসূত্রী, চিরক্রিয়।

শুক্লকর্ম্মা —শুদ্ধ চরিত্র, অকৃষ্ণকর্ম্মা, সৎকর্ম্মের অনুষ্ঠাতা

বিশ্বকর্ম্মা —দেব শিল্পী, ব্রহ্মার পুত্র, ত্বষ্টা, সূর্য্য, মুনিবিং

সহকর্ম্মা —সহকারী, সহায়-সাহায্য কারী।

বজ্রচর্ম্মা —খড়্গী, গণ্ডার।

বর্ণধর্ম্মা —সধর্ম্মান্বিত ক্ষত্রিয় ব্রাহ্মণাদি।

কৃতবর্ম্মা —হৃদিকাপুত্র, যাদববিং, যেবর্ম্মধারণ করিয়াছে
শিরোমর্ম্মা—শূকর, বরাহ।
অগ্নিশর্ম্মা —মহাক্রোধী, ক্রোধে অগ্নিতুল্য মুনি বিং।

অমা—অন্ত। (৫) পঞ্চাক্ষর।

অভূতোপমা—অলঙ্কার শাস্ত্রে উপমালঙ্কার বিং।
সঙ্কল্পজন্মা —মনসিজ, কন্দর্প, কাম।
কাশ্মীরজন্মা—কুঙ্কুম, পদ্মমূল।
মানসজন্মা —মনোভব, কন্দর্প, হংস, মনোজাত।
অক্লিষ্টকর্ম্মা—যে কর্ম্ম করিয়া শ্রান্ত হয়না—অক্লান্ত।
অকৃতকর্ম্মা —যে কোন কাজ সম্পন্ন করিতে পারেনা।
অকৃষ্ণকর্ম্মা —নিষ্পাপ, নির্ম্মল চরিত্র, দুষ্কর্ম্ম রহিত।
মনুষ্যধর্ম্মা —যক্ষরাজ, কুবের, ধনেশ্বর।

অমা—অন্ত। (৬) ষড়ক্ষর।

উপমেয়োপমা—যেস্থলে সদৃশ ও সাদৃশ্যের ১ভাবাপন্নহয়
প্রতিবস্তুপমা —উপমান ও উপমেয়ের সাদৃশ্য প্রকাশ।
দন্তচ্ছদোপমা—বিম্ব ফল, তেলাকুচা।
পুনরুক্তজন্মা —ব্রাহ্মণ।

আমা—অন্ত। (২) দ্ব্যক্ষর।

আমা —অপক্ক ইষ্টক, কাঁচা পোড়া ইট।
খামা —জমাট, সারাংশ, কর্ত্তিত আল-খাম।
জামা —(দেং) অঙ্গরাখা, কুর্ত্তি।
ঝামা —(দেং) ইষ্টক বিং, বিদগ্ধ ইষ্টক।

ড্রামা —(ইং) নাটক।

তামা —(দেং) ধাতু বিং, তাম্র।

স্থামা —সামর্থ্য, স্থৈর্য্য।

ধামা —(দেং) বেত্র নির্ম্মিত পাত্র বিং।

ধ্মামা —পরিমাণ, আলোক, ধ্যান।

নামা —(যাং) পত্র। (দেং) নামন।

পামা —খোস, পাঁচড়া, চুলকনা, কচ্ছু রোগ।

বামা —নারী, যোষিৎ, লক্ষ্মী, দুর্গা।

মামা —(দেং) মাতুল, মাতার ভ্রাতা।

শ্যামা —কালিকাদেবী, প্রিয়ঙ্গুলতা, তুলসী, নীলদূর্ব্বা, নয় পুনর্ণবা, হাচুক, কস্তুরী, গাভী, ছায়া, ঔষধি বিং, কৃষ্ণবর্ণাস্ত্রী, যুবতীস্ত্রী, হরিদ্রা, রাত্রি, শ্যামাপাখী।

স্থামা —গোলাকার লৌহমণ্ডল, মূষলাদি ত সংলগ্ন লৌহ

হামা —(দেং) জানু দ্বারা চলন, হাঁটুপাতিয়া যাওন।

মাম্মা —(ইং) মা সম্বোধন।

যাম্যা—দক্ষিণ দিক্‌, ভরণী নক্ষত্র।

পাপ্মা—পাপ, কল্মিষ, অধর্ম্ম।

আমা—অন্ত। (৩) ত্র্যক্ষর।

ত্রিযামা—রাত্রি, যমুনা নদী, হরিদ্রা।

সুত্রামা—(সুত্রামা) ইন্দ্র, দেবরাজ, বাসব, পুরন্দর।

সুদামা —মেঘ, পর্ব্বত, সমুদ্র, ঐরাবত, গোপবিং, উত্তমদাতা

ত্রিধামা —বিষ্ণু, শিব, অগ্নি, মৃত্যু।

অনামা—কনিষ্ঠার নিকটস্থ অঙ্গুলি।
বিনামা—(দেং) জুতা, পাপোষ, উপানৎ।
দুর্নামা—দীর্ঘ কোষিকা, ঝিনুক, অর্শরোগ।
দামামা—(দেং) বৃহৎ ঢক্কা, বাদ্য যন্ত্র বিং।

আমা—অন্ত। (৪) চতুরক্ষর।

বৎসকামা—যে স্ত্রী সন্তান কামনা করে।
ট্যামট্যামা—(দেং) বাদ্য যন্ত্র বিশেষ।
অশ্বত্থামা—দ্রোণাচার্য্যের পুত্র।
ঋতধামা—যাঁহার বাসস্থান দীপ্তি ময়—বিষ্ণু।
শতধামা—বিষ্ণু, নারায়ণ।
শ্বেতধামা—চন্দ্র, কর্পূর, সমুদ্র ফেনা।
বয়নামা—(যাং) বিক্রয় পত্র।
মেঘনামা—মেঘের নামে নাম যাহার, মুস্তক, মুতা।
রাজনামা—পটোল।
রোজনামা—(যাং) দৈনিক বিবরণ বহি।
পাতনামা—(দেং) উপক্রম।
গন্ধনামা—রক্ত তুলসী।
শিরনামা—(শিরোনামা) পত্রের উপরি লিখিত নাম।
কুশনামা—উষ্ট্র, উট।
বহ্নিনামা—চিতা গাছ, ভল্লাতক, ভেলা।
সত্যভামা—শ্রীকৃষ্ণের এক স্ত্রী।
খানসামা—(দেং) প্রধান ভৃত্য। (যাং) পাচক।

অতিসাম্যা—যষ্টিমধু লতা।

আমা—অন্ত। (৫) পঞ্চাক্ষর।

রথাঙ্গনামা—চক্রবাক পক্ষী।

হুকুমনামা—(যাং) অনুজ্ঞা পত্র, অনুমতি পত্র।

আমলনামা-(যাং) অধিকার পত্র।

আমা—অন্ত। (৬) ষড়ক্ষর।

সুগৃহীতনামা ——পুণ্যশ্লোক, যুধিষ্ঠিরাদি।

আচিখ্যাসোপামা—অলঙ্কার শাস্ত্রে উপমা ভেদ।

ইমা—অন্ত। (২) দ্ব্যক্ষর।

ঢিমা —(দেং) মৃদু, নম্র, কৃশ, নরম।

ধিমা —(দেং) অনুৎসাহ, শান্ত, নিস্তব্ধ, মন্দ।

বিমা —(দেং) ঝুঁকি, ক্ষতির দায়, দায় ঠেকা।

সীমা —অন্ত, অবধি, প্রান্তভাগ, পদমর্য্যাদা, স্থিতি, ক্ষেত্র, সমুদ্র বেলা তীর, মুষ্ক, অণ্ডকোষ।

জিম্মা—(যাং) ভার গ্রহণ, নিকটে, অর্পণ।

ইমা—অন্ত। (৩) ত্র্যক্ষর।

ভঙ্গিমা —ভঙ্গি, লীলা, ইঙ্গিত, শোভা।

দ্রাঘিমা —দৈর্ঘ, দীর্ঘতা, মধ্য রেখা।

লঘিমা —ভার হীনতা, লঘুত্ব, অগৌরব, ঐশ্বর্য্য বিং।

চণ্ডিমা —চণ্ডতা, উগ্রত্ব, কোপনতা।

সিতিমা —শ্বেতত্ব, কৃষ্ণতা, কালিমা।

রক্তিমা —রক্তবর্ণ, লালরঙ্।

ম্রদিমা —নম্রতা, কোমলতা, মৃদুতা।

অণিমা —সূক্ষ্মতা, ঐশ্বর্য্য বিশেষ, অণোর্ভাব।

তনিমা —কার্শ্য, সূক্ষ্মত্ব।

শোণিমা—রক্তিমা, রক্তত্ব।

পূর্ণিমা —শুক্লপক্ষের পঞ্চদশী তিথি, পৌর্ণমাসী।

কাল্‌নিমা—রাক্ষস বিং, রাবণের মাতুল।

গরিমা —গৌরব, গুরুত্ব, মাহাত্ম্য,মহিমা, ভার,গর্ব্ব।

গিরিমা —হস্তী, কুঞ্জর, বারণ।

স্তরিমা —শয্যা, বিছানা, খট্টা।

ধরিমা —আকার, সাদৃশ্য, নিক্তী, তুলাদণ্ড।

ভরিমা —পোষণ, প্রতিপালন, ভ্রমণ।

সরিমা —গমন, বায়ু।

শরীমা —গর্ভ মোচন, প্রসব।

জড়িমা —জড়তা, মূঢ়তা, অলসতা, মূর্খতা।

দ্রঢ়িমা —দার্ঢ্য, কাঠিন্য, স্থিরতা, স্থৈর্য্য, গুরুত্ব।

কালিমা —কৃষ্ণতা, মলিনতা, শ্যামিকা।

নীলিমা —নীলত্ব, নীলবর্ণ।

শুক্লিমা —শ্বেত রং, শুক্লত্ব।

ক্রশিমা —কার্শ্য, কৃশতা।

হ্রসিমা —ক্ষুদ্রতা, লঘুতা, অল্পতা, খর্ব্বতা, হ্রাস।

মহিমা —শিবের বিভূতি বিং, স্বীয় দেহকে স্থূল করার ক্ষমতা, উৎকর্ষ,শক্তি,মাহাত্ম্য,গৌরব.ঐশ্বর্য্য।

ইমা—অন্ত। (৪) চতুরক্ষর।

অরুণিমা —রক্তিমা, রক্তত্ব।

মলিনিমা —মালিন্য, অপ্রফুল্লতা, বিষণ্ণতা।

পরিসীমা —ইয়ত্তা, সীমা।

ইমা—অন্ত। (৫) পঞ্চাক্ষর।

লওয়াজিমা —[যাং] জমীদারী সম্বন্ধীয় কাগজ, দ্রব্যসমূহ

রাখিপূর্ণিমা —[দেং] শ্রাবণী পূর্ণিমা।

দ্যূতপূর্ণিমা —[ভুতপূর্ণিমা] কোজাগর পূর্ণিমা।

চলৎপূর্ণিমা —মৎস্য বিং, চাঁদা মৎস্য।

চিরনীহারসীমা—গিরির যে অঙ্গ নীহারযুক্ত তন্নিম্নরেখা।

উমা—অন্ত। [২] দ্ব্যক্ষর।

উমা —পার্ব্বতী, মসিনা, হরিদ্রা, কীর্ত্তি, কান্তি, শান্তি।

ক্ষুমা —তিসি, মসিনা, রেশম, অতসী বৃক্ষ, পাট, শণ।

ডুমা —(দেং) বর্ত্তুলাকার ক্ষুদ্র খণ্ড, টুক্‌রা।

ভূমা —ভূয়িষ্ঠ, বহুল, সর্ব্বব্যাপী পুরুষ, বহুত্ব।

রুমা —সুগ্রীবের ভার্য্যা, সাম্বর দেশস্থ লবণের খনি।

জুম্মা —(যাং) শুক্রবার। ধূম্যা—ধূমরাশি।

উমা—অন্ত। (৪) চতুরক্ষর।

সহকুমা —(যাং) সামান্য কাছারী।

উদুমধুমা —(দেং) অসভ্য, গ্রাম্য, মূর্খ।

এমা—অন্ত। (২) দ্ব্যক্ষর।

প্রেমা—বায়ু, বাসব, প্রেত, স্নেহ। হেমা—বুধগ্রহ।

এমা—অন্ত। (৪) চতুরক্ষর।

ভূরিপ্রেমা—চক্রবাক পক্ষী।

দক্ষিণের্ম্মা—মৃগয়াকারীকর্ত্তৃক দক্ষিণপার্শ্বে আহত মৃগ।

ওমা—অন্ত। (২) দ্ব্যক্ষর।

বোমা —(দেং)বারুদপূরিত গোলাকারবস্তু,বাজিবিং।

সোমা —চন্দ্র, শশী, শশধর।

পুলোমা —ঋষি বিং, ইন্দ্রের শ্বশুর।

ওমা—অন্ত। (৪) চতুরক্ষর।

দীর্ঘরোমা—ভল্লুক, ভালুক, দীর্ঘলোম বিশিষ্ট।

সূচিরোমা—[স্কন্ধরোমা, দৃঢ়লোমা] শূকর,কোল,বরাহ।

হৃষ্টরোমা —পুলকিত, রোমাঞ্চিত।

পৃথুরোমা —মৎস্য বিং,বৃহল্লোমযুক্ত,অতিশয়লোমযুক্ত।

বহুরোমা —মেষ, ভেড়া, অনেক লোমযুক্ত, লোমশ।

ভদ্রসোমা—গঙ্গা, ভাগীরথী।

মি। (১) একাক্ষর।

মি—(ধা) ক্ষেপণ-সুমেরু, ময়,মিত্রিম। (ইং) আমাকে।

মী—(ধা) বধ-বিনিময়, মীন, মেরু, প্রমীত, মায়ন।

মৃ —(ধা) প্রাণত্যাগ-মৃতি, মরণ, মারণ, মর্ত্ত্য, মরুৎ।

অমি—অন্ত। (২) দ্ব্যক্ষর।

ক্রমি —কীট, পোকা।

গমী —গমনকর্ত্তা, গতিশীল। (যাং) দুঃখের কার্য্য।

শ্রমী —পরিশ্রমকারী, শ্রমশীল।

জমী —(যাং) ভূমি, ক্ষেত্র। যমী--জিতেন্দ্রিয়।
তমি --[তমী] রাত্রি, রজনী।
দমী --বশী, দমনকারী, জিতেন্দ্রিয়।
বমি --বমন, অগ্নি, ধূর্ত্ত।
ভ্রমি —মূর্চ্ছা, ঘূর্ণ জল, জলাবর্ত্ত, ভ্রমণ, ভ্রান্তি, ঘূর্ণন।
ভ্রমী —ভ্রান্ত, ভ্রম বিশিষ্ট।
শমি —বৃক্ষ বিং, শাঁইগাছ।
শমী --শমগুণবিশিষ্ট, শান্ত, ধীর, সংযমী।
জন্মী --জীব, জন্তু, প্রাণী।
কর্ম্মী—কর্ম্মক্ষম, কর্ম্মকারী, ক্রিয়াবান্।
চর্ম্মী —চর্ম্মধারী, ঢালী, ভূর্জ্জ বৃক্ষ, কদলী বৃক্ষ, মোচা।
ধর্ম্মী —ধার্ম্মিক, পুণ্যশীল, সাধু, ধর্ম্মবন্ত।
বর্ম্মী —বর্ম্মযুক্ত, কবচধারী, মৎস্য বিং, বাইন মাছ।

অমি—অন্ত। (৩) ত্র্যক্ষর।

বিক্রমী --সিংহ, বীর, বিষ্ণু, শূর, কেশরী, পরাক্রান্ত।
পঞ্চমী —দ্রৌপদী, চন্দ্রের ৫ম কলার ক্রিয়াকাল, পাশার ছক্, তিথি-রাগিণী বিং, বসন্তরাগের স্ত্রী।
আশ্রমী--আশ্রমস্থ, তপোবন বাসী, ধর্ম্ম স্থিত।
সংযমী —নিয়মবান্, মুনি, জিতেন্দ্রিয়, সমাধিমান।
অষ্টমী --তিথি বিং, ক্ষীরকাকোলী লতা।
গোতমী--[গৌতমী] দুর্গা, কণ্বমুনির ভগিনী, রাক্ষসী বিং
নবমী —তিথি বিং, চন্দ্রের নবম কলার ক্রিয়াকাল।

দশমী —তিথি বিং, অতিশয় বৃদ্ধাবস্থা, বহুকালীন।
পশমী —(যাং) ঊর্ণা রচিত-লোম রচিত।
সধর্ম্মী —এক ধর্ম্মাক্রান্ত, সদৃশ, তুল্য।
সুধর্ম্মী —দেব সভা, ইন্দ্রের সভা।

অমি—অন্ত। (৪) চতুরক্ষর।

শ্রীপঞ্চমী —যে ৫মীতে সরস্বতী পূজা=মাঘের শুক্লা ৫মী
জ্যেষ্ঠাশ্রমী—দ্বিতীয়াশ্রমী, গৃহী।
রণ্ডাশ্রমী —৪৮ বৎসর বয়সের পর স্ত্রীবিহীন ব্যক্তি।
পরিশ্রমী —যত্নশীল, পরিশ্রমকারী, উদ্যোগী।
গোষ্ঠাষ্টমী—[গোপাষ্টমী] কার্ত্তিক মাসের শুক্লাষ্টমী।
বুধাষ্টমী —ব্রত বিং, বুধবারযুক্ত। শুক্লাষ্টমী যোগ বিং
দূর্ব্বাষ্টমী —(রাধাষ্টমী) ভাদ্র মাসের শুক্লাষ্টমী।
জন্মাষ্টমী —শ্রীকৃষ্ণের জন্ম তিথি, শ্রাবণের কৃষ্ণাষ্টমী।
ভীষ্মাষ্টমী—মাঘ মাসের শুক্লাষ্টমী।
মহাষ্টমী —(বীরাষ্টমী) আশ্বিনী শুক্লাষ্টমী।
কামন্ধমী —[কারন্ধমী] কাংস্যকার, কাঁসারি।
ইকনমি —(ইং) অর্থ ব্যবহার, পরিমিত ব্যয়।
অ্যাষ্ট্রনমি—(ইং) জ্যোতিষ বিদ্যা।
পরিকর্ম্মী —ভৃত্য, পরিচারক, প্রসাধক।
মৃদুচর্ম্মী —ভূর্জ্জ বৃক্ষ, ভোজ পাতার গাছ।

অমি—অন্ত। (৫) পঞ্চাক্ষর।

নাগপঞ্চমী —আষাঢ়ী কৃষ্ণা পঞ্চমী।

অশোকাষ্টমী—চৈত্র মাসের শুক্লাষ্টমী।
জীমূতাষ্টমী—(জিতাষ্টমী) গৌণাশ্বিন কৃষ্ণাষ্টমী।
মিত্রসপ্তমী —অগ্রহায়ণ মাসের শুক্লা সপ্তমী।
জহ্নুসপ্তমী —বৈশাখ মাসের শুক্লা সপ্তমী।
দুর্গানবমী —যে তিথিতে জগদ্ধাত্রী পূজা=কাঃশুক্লা৯মী
রামনবমী —শ্রীরামচন্দ্রের জন্ম তিথি, চৈত্রের শুক্লা৯মী
তালনবমী—ভাদ্র মাসের শুক্লা নবমী।
মহানবমী —আশ্বিন মাসের শুক্লা নবমী।

অমি—অন্ত। (৬) ষড়ক্ষর।

বসন্তপঞ্চমী —শ্রীপঞ্চমী, সরস্বতী পূজা।
ত্রিলোচনাষ্টমী—গৌণচান্দ্র জ্যৈষ্ঠ কৃষ্ণাষ্টমী।
বিজয়াসপ্তমী—শুক্ল পক্ষের রবিবার সংযুক্ত তিথি বিং
ললিতাসপ্তমী—ভাদ্র মাসের শুক্লা সপ্তমী।
অযবনবমী —ভাদ্র মাসের কৃষ্ণা নবমী তিথি।
শ্রীরামনবমী —শ্রীরামচন্দ্রের জন্মতিথি,চৈত্রের শুক্লা৯মী
অরুণোদয়সপ্তমী—[রথসপ্তমী] মাঘ মাসের শুক্লাসপ্তমী

আমি—অন্ত। (২) দ্ব্যক্ষর।

আমি—[অহং শব্দজ] স্বয়ং, নিজ।
কামী—কামুক, লম্পট, কপোত, চটক, ঋষভৌষধি।
খামী—(দেং) মালাদির মুখ বন্ধনী।
জামি—[জামী] ভগ্নী, দুহিতা, স্নুষা, কুলস্ত্রী, পতিব্রতা।
যামি—রাত্রী, কুলস্ত্রী, ভগিনী, কুলবধূ।

যামী —দক্ষিণ দিক্, কুলবধূ, কুলাঙ্গনা, কন্যা, যাতনা।
বামী —করভী, রাসভী, গর্দ্দভী, ঘোটকী, শৃগালী।
ভামী —ক্রুদ্ধ, কোপান্বিত, দীপ্তিমান।
মামী —(দেং) মাতুলের স্ত্রী=মাতুলানী।
সামি —অর্দ্ধ, কিয়দংশ, নিন্দনীয়। [দেং] মুষলযুক্তলৌহ
স্বামী —অধিপতি, রাজা, প্রভু, পতি, বিষ্ণু, শিব, মুনি বিং, গরুড়, পরম-হংস, অতীতকল্পের জিন বিং, পণ্ডিত, ব্রাহ্মণ, কার্ত্তিকেয়, অধিকারী।
তাম্রী—(তামী) কালনিরূপক যন্ত্র-বাদ্যযন্ত্র বিং, কুঁচ।
দাল্মী—(দৌল্মি) দেবরাজ, ইন্দ্র। আর্মি—(ইং) সৈন্য

আমি—অন্ত। (৩) ত্র্যক্ষর।

আগামী —যাহা আসিবে=আগন্তুক, ভাবী, ভবিষ্যৎ।
দুষ্টামী —(দেং) দুষ্টতা, দৌরাত্ম্য, ভ্রষ্টাচরণ।
ভণ্ডামী —[ভাঁড়ামী] (দেং) ভণ্ডতা, প্রবঞ্চনা, ফাঁকি।
প্রণামী —(দেং) প্রণামার্থ দেয় বস্তু, নমস্কারী।
বেনামি —(যাং) অন্য নামে কৃতলিখ্যাদি, মিথ্যানামধারী
স্বনামি —নিজ নামে কৃত কার্য্যাদি।
ঘরামী —(দেং) গৃহ নির্ম্মাতা।
সেলামী —(যাং) নজরানা।
আসামী—(যাং) প্রতিবাদী, বিপক্ষ।
গোস্বামী—গোরক্ষক, বাচস্পতি উপাধি বিং, ষণ্ড, ষাঁড়
ভূস্বামী —রাজা, ভূম্যধিকারী।

আমি—অন্ত। (৪) চতুরক্ষর।

শরৎকামী—কুকুর, গুয়েশালিক, বাণদ্বারা যুদ্ধকারী।

অগ্রগামী —যে অগ্রে গমন করে, অগ্রসর।

বাতগামী —পক্ষী, পাখী, বিহঙ্গ।

মন্দগামী —[মৃদুগামী] মন্থর, অদ্রুত, হস্তী, হংস।

অন্যগামী —অন্য স্থানে গমনকারী, অপর স্ত্রী কিংবা পুরুষের নিকট যে গমন করে।

অনুগামী —[পশ্চাদ্‌গামী] সঙ্গী, সহচর, সেবক।

অভিগামী —[সম্মুখগামী] নিকটগামী।

কামগামী —কামচারী, যথেচ্ছাগামী।

দূরগামী —যে দূরে যাইতেছে।

পুরোগামী—[অগ্রগামী] প্রধান, অগ্রবর্ত্তী।

অন্তর্য্যামী —অন্তরাত্মা, জীব, বিবেক।

ক্ষণরামী —কপোত, পারাবত।

পক্ষিস্বামী—পক্ষিরাজ, গরুড়।

ধনস্বামী —ধনাধিপ, ধনাধ্যক্ষ, ধনী, কুবের।

দণ্ডতাম্রী —বাদ্য যন্ত্র বিং।

আমি—অন্ত। (৫) পঞ্চাক্ষর।

ছন্দানুগামী—যে আপন অভিমতানুসারে কার্য্য করে

বিপরিণামী—পরিবর্ত্তনশীল, বৈপরীত্য বিশিষ্ট।

সালতামামী—(যাং) সাম্বৎসরিক, বাৎসরিক হিসাব।

সাদীসেলামী-(যাং) বিবাহ সম্বন্ধীয় প্রণামী।

ইমি—অন্ত। (২) দ্ব্যক্ষর।

ক্রমি —[ক্রিমি] কীট, পোকা, লাক্ষা।

চিমি —শুক পক্ষী, বৃক্ষ বিং।

তিমি—প্রকাণ্ড মৎস্য বিং, সমুদ্র।

নিমি —জনকরাজার পূর্ব্ব পুরুষ, ইক্ষাকু রাজার পুত্র।

ভৃমি --বায়ু বিং, ঘূর্ণা বাতাস, ভ্রমণ, জলের পাক।

ইমি—অন্ত। (৩) ত্র্যক্ষর।

প্রথিমী--পৃথুল, স্থূল, মোটা, পুরু। এনিমি-(ইং) শক্রু।

ইমি—অন্ত। [৪] চতুরক্ষর।

তাম্রক্রমি —ইন্দ্রগোপ কীট।

বারিক্রমি --[বারিক্রিমি] জলৌকা, জোঁক।

বালক্রমি —কেশ কীট, উকুণ।

উমি—অন্ত। (২) দ্ব্যক্ষর।

তুমি --(ত্বম্ শব্দজ) দ্বিতীয় পুরুষ।

ভূমি —পৃথিবী, স্থান মাত্র, ক্ষেত্র, আধার, জিহ্বা।

উর্ম্মি -ঢেউ, স্রোত, ত্বরা, যে উর্দ্ধে গমন করে, অশ্বের গতি বিং, বস্ত্রের উপর চুনাট, ভ্রান্তি, অঙ্গুরীয়ক

উমি—অন্ত। (৩) ত্র্যক্ষর।

অভূমি —অবিষয়, অপাত্র, অনুপযুক্ত স্থল, স্থানাভাব।

দ্যোভূমি-পৃথিবী-আকাশ, স্বর্গ-মর্ত্ত্য, পক্ষী, বিহঙ্গ।

দ্যোভ্রমি-পক্ষী, পাখী, বিহঙ্গ।

ককুদ্মী —নৃপ বিং, রেবতীর পিতা।

উর্মি—অস্ত। (৪) চতুরক্ষর।

ঝুমঝুমী —(দেং) শিশুদিগের খেলনা বিং, লাটিম।
রেখাভূমি —লঙ্কাদ্বীপ ও সুমেরুর সম সূত্রপাত দেশ।
ভোগভূমি—সুখ ভোগের স্থান, স্বর্গ।
অগ্রভূমি —[শ্রেষ্ঠভূমি] পূর্ব্বস্থান, প্রধান আশ্রয়।
রঙ্গভূমি —নাট্যশালা, রণস্থল, আখড়া।
ব্রজভূমি —ব্রজস্থান. বৃন্দাবন।
প্রেতভূমি — শ্মশান, শবদাহ স্থান।
অতিভূমি —আধিক্য, অতিশয়।
বাদভূমি —যেখানে বাদানুবাদ হয়।
বধ্যভূমি —যেখানে প্রাণ দণ্ড করা হয়=বধস্থান, মশান
যুদ্ধভূমি —[রণভূমি] রণ ক্ষেত্র।
অন্নভূমি —খাদ্যের স্তুপাকার।
পুণ্যভূমি —আর্য্যাবর্ত্ত দেশ,হিমালয়ভূভাগ, পবিত্রভূমি
দ্যাবাভূমি—পৃথিবী-স্বর্গ, দেবলোক-মর্ত্ত্যলোক।
রোমভূমি—চর্ম্ম, ত্বক্, চামড়া।
জন্মভূমি —যে দেশে জন্ম হয়=স্বদেশ।
কর্ম্মভূমি —কৃষ্টভূমি=আর্য্যাবর্ত্ত দেশ, ভারতবর্ষ।
ক্ষারভূমি —লোণা স্থান।
মরুভূমি —তরুলতাদিরহিত ভূমি,মাড়ওয়ার দেশ।
ফলভূমি —স্বর্গ এবং নরক, কর্ম্মের ফলভোগ স্থান।
মল্লভূমি —রঙ্গভূমি, ব্যায়ামশালা।

গৃহভূমি —বাসস্থান, বাস্তু ভিটে, বাটী।

উমি—অন্ত। (৫) পঞ্চাক্ষর।

বিশ্বাসভূমি --বিশ্বাসের স্থল, বিশ্বাসের পাত্র।

পরিস্কৃতভূমি --যজ্ঞভূমি, বেদী।

ত্রিকোণমণ্ডলভূমি--নদীর মোহনাস্থিত মাত্রা শূন্য ব-কারের ন্যায় দ্বীপ=‘ব’ দ্বীপ।

এমি—অন্ত। (২) দ্ব্যক্ষর।

ডেমি --(ইং) কাগজের প্রকার ভেদ।

নেমি --চক্রধার, চাকার প্রান্তভাগ।

প্রেমী--প্রণয়ী, অনুরক্ত, স্নেহ বিশিষ্ট।

গেমিং--(ইং) জুয়া খেলা, ক্রীড়া বিং।

এমি—অন্ত। (৩) ত্র্যক্ষর।

কায়েমী--(যাং) দৃঢ়, পোক্ত, স্থায়ী বন্দোবস্ত।

পাজেমী--(দেং) অসদাচরণ, বদমাইসি।

এমি—অন্ত। (৪) চতুরক্ষর।

জিতনেমি —অশ্বত্থ নির্ম্মিত দণ্ড।

যামনেমি --ইন্দ্র, দেবরাজ, বাসব।

কালনেমি--রাক্ষস-দৈত্য বিং, হিরণ্য কশিপুর পুত্র।

গ্রহনেমি —(প্রহনেমি) চন্দ্র, চাঁদ, শশী।

মহানেমি —কাক, বায়স।

এমি—অন্ত। (৫) পঞ্চাক্ষর।

অরিষ্টনেমি —বিনতার গর্ভজাত কশ্যপ পুত্র।

নক্ষত্রনেমি —বিষ্ণু, চন্দ্র, ধ্রুব নক্ষত্র, রেবতী নক্ষত্র।

সাগরনেমি —পৃথিবী, ধরণী।

ঐমি, ওমি—অন্ত।

ভৈমী—ভীমরাজকন্যা=দময়ন্তী, ভীম একাদশী।

গোমী—যাহার অনেক গরু আছে, শৃগাল।

হোমি—অগ্নি, ঘৃত, জল।

হোমী—হোতা, হোমকর্ত্তা, হোমকারক।

গোলোমী—শ্বেত পুষ্পযুক্ত দূর্ব্বা, পণ্যস্ত্রী, বচা, বচ।

পৌলোমী—শচী, ইন্দ্রাণী।

মু, মে, মৈ, মৌ—অন্ত।

মু —(ইং) গোধ্বনি, হাম্বারব।

ক্রমু —পূগ, গুবাক বৃক্ষ, সুপারি গাছ।

চমূ —সেনা দল, ৭২৯ গজ-৭২৯ রথ-২১৮৭ অশ্ব-৩৬৪৫-পদাতি=এতাবৎ সংখ্যক সৈন্য।

অভ্রমু—পূর্ব্বদিকের হস্তিনী, ঐরাবতের স্ত্রী।

মামু —(যাং) মাতুল।

কিমু —সম্ভাবনা, বিতর্ক, বিমর্ষ।

মে —(ধা) পরিবর্ত্তন-বদল। (ইং) মাস বিং।

মৈ —[দেং] বংশনির্ম্মিত সিঁড়ী।

মৌ —(দেং) পুষ্পরস, মকরন্দ, মধু।

র। (১) একাক্ষর।

র—অগ্নি, কামানল, রঙ্গ, বর্ণ, বেগ, সুবর্ণ, স্বর্গ, উত্তাপ, তীক্ষ্ণ, প্রচণ্ড, সর্ব্বতো মুখী, শ্রীকণ্ঠ, গায়ক, ধনী প্রকাশক, শৈল, স্ত্রী, জ্বালা, যোনিজ, সবিন্দু, রক্ত, ত্রিপুর সুন্দরী, প্রকৃতি, মুণ্ডী, হৃদয়, শব্দ, ব্রহ্ম, দেব কণ্ঠ পত্না, স্থূল দণ্ড, উগ্র রেখা, কুক্ষ্যংশ, রেবতী দাস, ব্যাপক, উষ্মা, ধাতুরক্ত, সূর্য্য, মতি, রেফ, ভুজঙ্গেশ, বলী, ক্রোধিনী, অপর, রত, কৃষ্ণ, দীপ, দর্শন, প্রকাশ, ওজস। (ইং) কাঁচা।

রং—(রঙ্গ শব্দজ) বর্ণ, রঙ্গ। (ইং) অন্যায়, ভুল।

অর—অন্ত। (২) দ্ব্যক্ষর।

ক্ষর্ —(ধা) সঞ্চলন, সরণ-ক্ষরণ, ক্ষরিত, ক্ষরী, ক্ষার।

চর্ —(ধা) গমন, ভোজন, আচার, বিচারিত, বিচারক।

জ্বর্ —(ধা) রোগ-জ্বর, জূর্ত্তি, জরৎ, জ্বরিত।

ত্বর্ —(ধা) ত্বরা, বেগ-ত্বরা, ত্বরিত, তূর্ণ, সত্বর।

স্ফর্ —(ধা) স্ফূর্ত্তি পাওয়া, চঞ্চল হওয়া।

বর্ —(ধা) প্রাপণেচ্ছা-বর, বরণ, বরণীয়, বরদ।

স্বর —স্বর্গ, দেবলোক, আকাশ, প্রভা, সৌন্দর্য্য, সূর্য্য ও ধ্রুব নক্ষত্রের মধ্যস্থান, পরলোক, নিরবচ্ছিন্ন সুখ

অর —চাকার পাখী, আশু, দ্রুত, পর্য্যাপ্ত, সরোবর, শীঘ্র

কর —হস্ত, করকা, শুঁড়, কিরণ, শুল্ক, রাজস্ব, বিষয়, কর্ত্তা, প্রত্যয়, কোন পদের পরে থাকিলে কারক-জনক

খর —কুরর পক্ষী, কাক, গর্দ্দভ, অশ্বতর, তীক্ষ্ণ স্পর্শ, রাক্ষস বিং, উত্তাপ,উষ্ণ,ধারাল,কঠিন, শীঘ্র।

ক্ষর —মেঘ, ঝরণ, নিঃসরণ, জল।

গর —বিষ, রোগ, করণ বিং, গরল, উপবিষ।

ঘর —(দেং) গৃহ, ভবন, ছিদ্র।

চর —গুপ্ত দূত, অস্থাবর, জঙ্গম, বিচরণ শীল, খঞ্জন পক্ষী, কপর্দ্দক, লগ্ন বিং। (ধা) গমন করা।

জ্বর —শরীরের তাপ, সন্তাপ, রোগ বিং।

ঝর —নির্ঝর, ঝরণা, সমূহ, জল প্রবাহ।

ডর —(দেং) ভয়, ত্রাস।

তর —পারহওয়া,তরণ,সন্তরণ,পথ,গতি,প্রত্যয় বিং।

স্তর —তবক,থাক,ভূমিপ্রভৃতির বিভাগ বিং, শয্যা।

থর —(দেং)শ্রেণী,পংক্তি,আবলী,কেশকর্ত্তনপ্রনালীবিং

দর —ভয়, কম্প,গর্ত্ত,শঙ্খ,অল্প,ঈষৎ,কন্দর। (দেং)মূল্য

ধর —পর্ব্বত, কার্পাস তুলা, বসু বিং, কূর্ম্মাবতার।

নর —মনুষ্য, মানুষ, বিষ্ণুর অবতার বিং,অর্জ্জুন,শঙ্কু, ঋষি বিং,পরমাত্মা,রামকর্পূর (দেং)ছড়া,গোছা

পর —আসক্ত,নিষ্ঠ,শ্রেষ্ঠ,অন্য,অনন্তর,ভিন্ন,শত্রু,অধিক, দূর,মুক্তি,মোক্ষ,ব্রহ্ম,কেবল। [দেং] পাখা।

ফর —ঢাল, ফলক। [ইং] হেতু, জন্য।

বর —আশীর্ব্বাদ, প্রার্থনা, ইচ্ছা, জামাতা, বিবাহ কর্ত্তা, পতি, যিঙ্গা, লম্পট, শ্রেষ্ঠ,জ্যেষ্ঠ,আবরণ

চরণ, বেণুক, মনাকৃপ্রিয়, আদা, ছাল, কুঙ্কুম।
ভর —আধিক্য, সমূহ, ভার, ভরণ, গৌরব, দ্বিসহস্র পল পরিমাণ, ভরণ কর্ত্তা। মর—মৃত্যু।
শর —বাণতৃণ, খাকৃড়াগাছ, বাণ, দধিদুগ্ধের অগ্রভাগ
সর —গমনকারী, দধি দুগ্ধাদির সার, গমন, বাণ, লুণ, সরোবর, জল ভুষণ বিং, মালা, নর, মধু, জলপ্রপাত
স্বর —উদাত্ত-অনুদাত্ত-স্বরিত=এই ত্রিবিধ কণ্ঠ ধ্বনি, স্বন, শব্দ, বিশ্বাস ধ্বনি, অ-ই প্রভৃতি বর্ণ, ষড়্জ-ঋষভ-গান্ধার--মধ্যম-পঞ্চম--ধৈবত-নিষাদ=৭ গানাঙ্গধ্বনি, সুর প্রাণবায়ু, কার্য্য বিং।
স্মর —কামদেব, মদন, স্মরণ, মনে করণ।
৫সর —(ধা) ছল করিয়া যাওয়া।
হর —শিব, অগ্নি, গর্দ্দভ, ভাগ, ভাজকাঙ্ক, বহন-হরণকারী
সরঃ —সরোবর, জলাশয়, বাপী, তড়াগ, জল।
বরং —অপেক্ষাকৃত উৎকৃষ্ট, বৈপরীত্য, বরঞ্চ।

অর—অন্ত। (৩) ত্র্যক্ষর।

অন্তর্ —মধ্যে, শেষে, চিত্তে, স্বীকারে।
অথর্ —(ইং) গ্রন্থকার। অদর্—[ইং] অন্য।
ক্যাম্ফর্—[ইং] কর্পূর। জহর্-[যাং] বিষ, গরল।
মহর্ —উর্দ্ধস্থ মহর্লোক। লহর-ঢেউ, তরঙ্গ।
তিয়র —[তীয়র] (দেং) বর্ণসঙ্কর জাতি বিং, জেলে।
শিয়র —(দেং) যে দিকে শয়নকারীর মস্তক থাকে।

অকর —নিষ্কর, হস্ত রহিত।

আকর —খনি, স্বর্ণ রৌপ্যাদি ধাতুর উৎপত্তি স্থান, সমূহ, আদি, আধার, শ্রেষ্ঠ, বংশ।

একর —(ইং) তিন বিঘা পরিমাণ।

কাঁকর —(দেং) অতি ক্ষুদ্র প্রস্তর খণ্ড, কঙ্কর।

কৃকর —পক্ষী বিং, শরীরের মধ্যবর্ত্তী এক প্রকার বায়ু

কুকর —বিকৃত হস্ত, নুলো, কুপা।

কেকর —বক্রাক্ষি, টেরা।

চাকর —(যাং) ভৃত্য, বেতনগ্রাহী কর্ম্মচারী।

শ্রীকর—বিষ্ণু,স্মৃতিশাস্ত্রপ্রণেতা,শোভাকারী,রক্তোৎপল

দোকর—(যাং) দোবারা, দ্বিতীয় বার, পুনঃ কৃত।

মনকর —রাশি, সমূহ, নিধি, রত্ন, সার, কর রহিত, নিশ্চয়, দেবধন, ন্যায্য দেয় ধন, নিচয়।

প্রকর —সমূহ, পুষ্পাদির স্তবক, সহায়তা, অধিকার, ব্যাপার, অপেক্ষা,অগুরু,বিকীর্ণ (পুষ্পাদি)।

বিকর —রোগ, পীড়া, আময়, গদ, অস্বাস্থ্য।

কের —কুবেরের ধন-জলজন্তু-রাশি বিং, কামের ধ্বজ

শীকর —[সীকর] জলবিন্দু, জল কণা, বায়ু, শিশির।

শূকর —কোল, বরাহ, শূয়ার।

সুকর —সুখকর, সুসাধ্য, অক্লেশ সাধ্য।

সূকর —কুম্ভকার, বরাহ, কোল, শূয়ার, মৃগ বিং।

শৌকর—শূকর সম্বন্ধীয়, তীর্থ বিং।

টক্কর —(দেং) আঘাত, চোট, ঠোকর।
দিক্কর —যুবা, অবিশ্রান্ত কার্য্য তৎপর।
শক্কর —বৃষ, ষাঁড়। (যাং) চিনী, মিষ্টদ্রব্য।
শাক্কর —বৃষ, ষাঁড়, ছন্দো বিং।
কঙ্কর —কাঁকর, কঠিন, কর্কশ, তক্র, ঘোল।
কিঙ্কর —দাস, ভৃত্য, কর্ম্মকর।
খঙ্কর —চূর্ণকুন্তল, ঝাপ্টা।
টাঙ্কর —লম্পট, নীচ, নাগকীট, অধমাচার।
শঙ্কর —শিব, শুভকারক, শঙ্করাচার্য্য, বেদান্তভাষ্য কর্ত্তা।
সঙ্কর —সম্মার্জ্জনী ক্ষিপ্ত ধূল্যাদি, অবস্কর, মিশ্রণ, বর্ণ সঙ্করজাতি, পরস্পরবিরুদ্ধপদার্থেরএকত্রাবস্থান
শাঙ্কর —বৃষভ, ষাঁড়, ছন্দো বিং, শঙ্কর সম্বন্ধীয়।
উৎকর —ধান্যাদির রাশি, পুঞ্জ, গাদা, স্তূপ, প্রসারণ।
স্ফুৎকর—অগ্নি, অনল, বহ্নি।
মৃৎকর —কুম্ভকার, কুমার।
মর্কর —ভৃঙ্গরাজ বৃক্ষ, কেশুর।
শার্কর —শর্করাযুক্ত, শর্করাসম্বন্ধীয়, কাঁকরমিশ্রিত, দুগ্ধফেন
কর্ক্কর —আদর্শ, দর্পণ, কাঁকর, ঘুটিং, লগুড়, দৃঢ়, কর্কশ
কুস্কর —শিব, মহাদেব। নিষ্কর—রাজস্বরহিত, নাখেরাজ
তস্কর —অপহারক, চোর, লতা বৃক্ষ বিং।
দুস্কর —দুঃখসাধ্য, কুব্যবহারী, অহিতকারী, আকাশ।
পুস্কর —জল, পদ্ম, পদ্ম কোষ, হস্তি শুণ্ডাগ্র, মৃদঙ্গাদি

বাদ্য ভাণ্ডের মুখ, তীর্থ বিং, কুষ্ঠৌষধ, দ্বীপ-পর্ব্বত বিং, খড়্গ ফলক, নল রাজার ভ্রাতা, আকাশ, মেঘ-সর্প-যোগ বিং, যুদ্ধ, কাণ্ড, বাণ, বরুণ পুত্র, সারস পক্ষী, প্রলম্ব কোষ।

ভাস্কর —সূর্য্য, অগ্নি, পণ্ডিত বিং, ভাস্করাচার্য্য, অর্কবৃক্ষ, বীর, সুবর্ণ, দীপ্তিকর, প্রস্তর ক্ষোদিতকারক

মস্কর —বংশ, বাঁশ, বংশ যষ্টি, রন্ধ্র যুক্ত বংশ।

মুস্কর —প্রলম্বাণ্ড, লম্বমান অণ্ডকোষ।

লস্কর —(যাং) সৈন্য, ফৌজ।

নখর —অঙ্গুলী কণ্টক, অঙ্গুলির চন্দ্র।

প্রখর —অত্যুষ্ণ, তীক্ষ্ণ, চতুর, অশ্বসজ্জা, কুক্কুর, অশ্বতর।

মুখর —শঙ্খ, কাক, অপ্রিয়বাদী, বাচাল, নিরন্তরভাষী

শিখর —পর্ব্বতের শৃঙ্গ, অগ্রভাগ, রোমাঞ্চ, রত্ন বিং, কক্ষ, খড়্গের অগ্রভাগ, বৃক্ষাগ্র, বগল।

শেখর —চূড়া, কিরীট, লবঙ্গ, শজিনার মূল, শিরোভূষণ

অক্ষর —ব্রহ্মা-বিষ্ণু-শিব, পরমেশ্বর, অকারাদি পঞ্চাশৎ বর্ণ, অনশ্বর, স্থায়ী, অচ্যুত, ব্রহ্ম।

ঋক্ষর —বারিধারা, ঋত্বিক্, পুরোহিত।

সাক্ষর —অক্ষর যুক্ত, বিদ্বান্, স্বনাম লিখন, সহিকরা।

জগর —[জাগর] বর্ম্ম, সাঁজোয়া, কবচ।

টগর —[তগর] টগর ফুলের গাছ, তৎ পুষ্প।

ডগর —ঢক্কা, ডমরু।

ডাগর —(ডাঙ্গর) [দেং] বৃহৎ, বড়, প্রকাণ্ড।

নগর —সহর, অট্টালিকা ও বহু জনাকীর্ণ স্থান, নানা জাতি ও শিল্প বাণিজ্যাদির স্থান।

নাগর —নগরজাত, রসিক, বিদগ্ধ, নামশূন্য, অপকৃষ্ট, নীচ, দেবর, নারাঙ্গা লেবুর গাছ, শুঁঠ, অধ্যাপক, অক্ষর বিং, নায়ক বিং, যথা-(রসমঞ্জরী)

(নাগর) —পতি উপপতি আর বৈশিক নাগর।
স্বীয়া পরকীয়া আর সামান্যার বর॥
বেদ মত বিভা করে যে জন সে পতি।
উপপতি সেই যার পিরীতে বসতি॥
কোন রূপে ধন লোভে হয় সংঘটন।
বৈষয়িক বৈশিক নাগর সেই জন॥

(পতি) —অনুকূল দক্ষিণ ধৃষ্ট শঠ চারিমত।
পতি ভেদ কেহ বলে তিনে কেহ রত॥
একে অনুরাগ যার সেই অনুকূল।
দক্ষিণ সে যার ঘরে পরে হয় তুল॥
ধৃষ্ট সেই দোষ করে পুনঃ করে হঠ।
কপট বচনে পটু সেই জন শঠ॥

(নায়ক) —পীঠমর্দ্দ বিট বলি চেট বিদূষক।
এই সব ভেদে হয় বিস্তর নায়ক॥

(পীঠমর্দ্দ)—রমণী করিলে ক্রোধ যে করে সান্ত্বনা।
ধর্ম্মধী সচিব পীঠমর্দ্দ সেই জনা॥

(বিট) —কাম শাস্ত্রে যেই জন পরম নিপুণ।
বিট বলি তার নাম ধরে নানা গুণ॥
(চেটক) —সন্ধান চতুর যেই সময় ঘটক।
কবিগণ তার নাম বলয়ে চেটক॥
(বিদূষক)—কিবা রোষে কিবা তোষে যার পরিহাস।
বিদূষক তার নাম হাস্যের বিলাস॥
(জাতি) —চারি জাতি নায়িকারার শুনহ নায়ক।
শশ, মৃগ, বৃষ, অশ্ব, সন্তোষ দায়ক॥
পদ্মিনীর শশ পতি মৃগ চিত্রিণীর।
বৃষে শঙ্খিনীর তুষ্টি অশ্বে হস্তিনীর॥
রূপ গুণ দোষ সব নায়িকার মত।
চারি জাতি নায়কেতে লক্ষণ সম্মত॥
রসভাণ্ড মত রস দণ্ড ভেদ হয়।
ছয়, আট, দশ, বার, পরিমাণ কয়॥
নর নারী স্বভাবেতে বিশেষ যে হয়।
কহিতে কবিতা বাড়ে ক্ষোভ এই রয়॥
(যৌবন) —যৌবনের চারি ভেদ শুন বিবরণ।
আগে বয়ঃসন্ধি পরে নবীন যৌবন॥
তার পরে যুবা ভাবে উন্মাদ লক্ষণ।
তার পরে বৃদ্ধ ভাব বুঝ বিচক্ষণ॥
যৌবনের সন্ধি কাল দ্বাদশ বৎসর।
দশম নিয়ম কন ব্যাস মুনিবর॥

নিগর —ভক্ষণ, ভোজন, অশন। (ইং) কৃপণ, অধম।
বগর —(দেং) বদরিকা, বরাই, কুল।
বাগর —প্রতিবন্ধ, বাধা, শাণ, নিশ্চয়, বাড়বাগ্নি, পণ্ডিত, সাহসিক, বীর, বৃক, মুমুক্ষু।
ভুগর —বিষ, হলাহল, গরল। মগর-[যাং] কিন্তু।
সগর —সূর্য্যবংশীয় নৃপ বিং, বাহু রাজার পুত্র।
সাগর —সমুদ্র, মৃগ বিং, সংখ্যা বিং।
স্রগ্ধর —মালাধারী।
ডিঙ্গর —শঠ, ধূর্ত্ত, সেবক, লম্পট, পাঠান।
ডেঙ্গর —[দেং] মৎকুণ, উকুণ।
নঙ্গর —(দেং) জন্তু বিং, নৌকাদি বদ্ধ রাখন।
নোঙ্গর —(যাং) নৌকা বদ্ধ করিবার লৌহ যন্ত্র বিং।
সঙ্গর --যুদ্ধ, প্রতিজ্ঞা, বিষ, ক্রয় বিক্রয় নির্দ্ধারণ, শমী বৃক্ষের ফল, আপদ, প্রশ্ন, জ্ঞান।
হাঙ্গর —হিংস্র জল জন্তু বিং, হাঙর।
মুদ্গর —যষ্টি বিং, গদা, মুগুর, কাষ্ঠ মল্লিকা ফুল।
গর্গর —কলস, মৎস্য বিং, মন্থনদণ্ড (দেং) ক্রোধে রক্ত বর্ণ
সার্গর —চণ্ডাল জাতি বিং।
ঘর্ঘর —ঘর্ঘরধ্বনি, গিরিপথ, পেচক, নদ বিং, হাস্য।
অচর —স্থাবর, স্থিতিশীল, শিব, ব্রহ্মা, বৃক্ষ।
কুচর --পরনিন্দাকারী, পরদোষ বক্তা।
খচর —আকাশগামী, বায়ু, রাক্ষস, সূর্য্য, গ্রহ, অশ্বতর,

পক্ষী, গ্রহোপগ্রহ, মেঘ।
খেচর —আকাশচর,পক্ষী, সূর্য্যাদিগ্রহ,বিদ্যাধর,পারদ
গোচর—আশ্রয়,স্থিতি,আশ্রিত, বিষয়, ইন্দ্রিয়ের বিষয়
চাঁচর —(দেং) কোঁকড়ান চুল,দোলের বহ্ন্যুৎসব বিং
প্রচর —বর্ত্ম, পথ, গমন, ধারা, রীতি।
যচর —কুক্কুট, ধূর্ত্ত, শঠ, ঠক্।
ভূচর —যাহারা ভূমিতে চরে—স্থলচর।
কচ্চর —মলিন, মলদূষিত, দুর্ব্বৃত্ত, দুরাত্মা, তক্র।
খচ্চর —গর্দ্দভ, অশ্বতর। [দেং] দুষ্ট, দোআঁসলা।
সঞ্চর —পথ,বর্ত্ম,সেতু, সাঁকো,দেহ,শরীর,নাশকারক
বিট্চর—গ্রাম্য শূকর, গুয়েশালিক।
দুশ্চর —দুর্গম,দুষ্প্রাপ্য,কুব্যবহারকারী,শম্বূক,ভল্লুক।
অজর —নির্জ্জর, বার্দ্ধক্য রহিত, দেবতা, গৃহ কন্যা।
ওজর —(যাং) আপত্তি, হেতু, ছল।
গাজর —[গর্জ্জর] গৃঞ্জন,গাজোর, মূল বিং।
নজর —(যাং) দৃষ্টি, দর্শন, উপঢৌকন, ভেট।
ফজর —(যাং) প্রাতঃকাল।
বজর —(দেং) বজ্র, অশনি।
বিজর —জরা রহিত। বিজ্বর—জ্বর রহিত।
সংজ্বর —সম্যক্ জ্বর, অতিশয় সন্তাপ।
কঞ্জর —সূর্য্য, ব্রহ্মা, ময়ূর, হস্তী, উদর।
কুঞ্জর —হস্তী, কেশ, শ্রেষ্ঠ, দেশ বিং।

খঞ্জর —কাটারী, কর্ত্তরিকা।
পঞ্জর —কঙ্কাল, অস্থিসার দেহ, খাঁচা, দেহ, কলিযুগ।
পিঞ্জর —হরিতাল, খাঁচা, স্বর্ণ, পুষ্প-অশ্ব বিং, পীত।
মঞ্জর —মুকুল, অঙ্কুর, বোঁটা, ঝাড়, শীষ, মুক্তা, তিলক বৃক্ষ
গুর্জ্জর —(গুজ্জর) গুজরাট দেশ, তদ্দেশীয় লোকসমূহ।
জর্জ্জর —শৈলজ, ইন্দ্রধ্বজ, জীর্ণ, বিশীর্ণ, জরাগ্রস্ত, ক্ষয়
দুর্জ্জর —যাহা কষ্টে জীর্ণ করা যায়।
নির্জ্জর —দেবতা, সুধা, অমৃত, জরারহিত, অনশ্বর।
ঝর্ঝর —নদ বিং, কলিযুগ, শব্দ বিং, বাদ্য বিং।
ঝার্ঝর —ঝর্ঝর বাদ্যকারী।
নর্ঝর —ঝরণা, জলপ্রপাত, তুষানল, সূর্য্য ঘোটক।
কোটর —গাছের খোঁড়ল, বৃক্ষস্থ গহ্বর।
বটর —কুক্কুট, শঠ, চোর, উষ্ণীষ, পাগড়ী, মাদুরি, তৃণ বিং
মটর —(দেং) কলাই বিং, মটর কলাই।
ইট্বর —ষাঁড়, বৃষ।
কট্বর —ব্যঞ্জন, দধির সর, তক্র।
ছিস্টর —[ইং] ভগ্নী, সহোদরা।
বিষ্টর —কুশাসন, দর্ভমুষ্টি, উপবেশন আসন, বৃক্ষ।
ব্লিষ্টর —(ইং) ফোস্কা, ঠোস, ফুসকুড়ী, পুল্টিস বিং।
কঠর —কঠিন, দৃঢ়, শক্ত।
কুঠর —মন্থন দণ্ড, বন্ধনের স্তম্ভ, বদ্ধনার্থ স্তম্ভ।
জঠর —উদর, জরায়ু, গর্ভ, কঠিন, বৃদ্ধ, কর্কশ।

পিঠর —পাত্র, হাঁড়ি, পেটারি, মন্থন দণ্ড।

পৈঠর —স্থালীপক্ক, (মাংসাদি)

বঠর —শঠ,মন্দ,ধূর্ত্ত,জড়,অম্বষ্ঠ, খচর,বৈদ্য,মূর্খ,অজ্ঞ।

মঠর —মুনি বিং, মত্ত।

মাঠর —সূর্য্যের পার্শ্ব পরিবর্ত্তীবিং, ব্যাসদেব,মুনি বি শুঁড়ী, সূর্য্যের কিরণ, বিপ্র।

বণ্ঠর —তালগাছের নূতন পাতা,কুকুরের লেজ,বাঁশে কোঁড়, মেঘ, রজ্জু, বক্ষঃস্থল, কাঁচুলী।

গড্ডর —মেষ, গাড়ল।

পাণ্ডর —পীত শুক্লবর্ণ, পাণ্ডুবর্ণ, বৃক্ষ বিং, গিরি মাটী, কুন্দ পুষ্প, পাণ্ডুবর্ণ বিশিষ্ট, গৈরিক।

আতর —তরপণ্য, নদী পার হইবার নৌকা ভাড়া সুগন্ধ দ্রব্য বিং, পুষ্প নির্য্যাস।

ইতর —নীচ, অধম, পামর, অন্য, ভিন্ন, অপর।

কতর —দুয়ের মধ্যে কোন এক ব্যক্তি।

কাতর —ব্যাকুল, দুঃখিত, ভীত, চঞ্চল, বিবশ, কাত

কৌতর—পারাবত, পায়রা, কবুতর।

ততর —দুয়ের মধ্যে সেই।

পাতর —শিলা, পাষাণ।

প্রাতর—প্রাতঃকাল,দিনাদি,প্রভাত;প্রাতে তিন মূহুর্ত

ভিতর —মধ্যস্থল, অভ্যন্তর।

মেতর —(যাং) পায়খানা পরিষ্কারক।

উত্তর —যাহার দ্বারা পরিত্রাণ পাওয়া যায়, প্রতিবচন, জবাব, সিদ্ধান্ত, আপত্তি খণ্ডন, বিরাট রাজ পুত্র, শ্রেষ্ঠ, যোগ্য, দিক্-দেশ বিং।

মত্তর —আমা হইতে অপেক্ষা কৃত উৎকৃষ্ট বা অধিক

ইত্বর —বৃষ, ষাঁড়, গমনশীল, নীচ, দরিদ্র।

গত্বর —গমনশীল, অস্থায়ী, যে চিরস্থায়ী নহে।

চত্বর —উঠান, চাতাল, যজ্ঞস্থান, স্থণ্ডিল, রঙ্গস্থান।

ছত্বর —গৃহ, কুঞ্জ, লতামণ্ডপ, আবরণ। (যাং) সাইর।

ছিত্বর —[ছিদ্বর] ধূর্ত্ত, শত্রু, ছেদক, প্রতারক।

জিত্বর —জয়শীল, জয়ী, জয়যুক্ত ব্যক্তি।

সত্বর —শীঘ্র, অবিলম্ব, ত্বরাযুক্ত।

ডাক্তর —(ইং) বৈদ্য, চিকিৎসক, বিদ্বান্।

অন্তর —অবকাশ, মধ্যভাগ, অবসর, অবধি, আচ্ছাদন, ব্যবধান, ভেদ, দূর, ছিদ্র, আত্মীয়, সম্পর্কীয়, অন্তঃকরণ, শেষ, বিনা, উচিত, বাকী, স্বীকার

প্রান্তর —কোটর, বিপিন, কানন, দুর্গম পথ, মাঠ।

সান্তর —ব্যবধান বিশিষ্ট, বিরল, তফাৎ, আলাহিদা, ফাঁক, সচ্ছিদ্র, গর্ত্ত করা।

দফ্তর —(যাং) হিসাবের বহি, সেরেস্তা।

আস্তর —শয্যা, হস্তী বা অশ্বের পৃষ্ঠস্থিত চিত্র কম্বলাদি (দেং) কাপড়েরনীচে দেয় বস্ত্র, রাজমিস্ত্রীর কার্য্য

দুস্তর —যাহা পার হওয়া যায় না-অপার, অতরণীয়।

প্রস্তর —শিলা,উপল,মণি,পল্লবাদি রচিত শয্যা।
বিস্তর —সমূহ, প্রচুর, বিশেষ বর্ণন,সংখ্যা,শয্যা,আসন
সংস্তর —বিছানা, শয্যা, যজ্ঞ, পল্লবাদি রচিত আস্তরণ
নিথর —(দেং) নিস্পন্দ, স্থির, নিঃশব্দ, ধীর।
মন্থর —মন্দগামী, অশীঘ্র, জড়, মূর্খ, প্রকাণ্ড, ভারী, নত,বক্র,নীচ,যোদ্ধা,ধনাগার,পর্ব্বত,মৃগ, বাধ, বৈশাখ মাস, কোপ, নবনীত, দুর্গ, মহৎ,প্রতি-বন্ধক,সূচক,মন্থনদণ্ড,ফল,অলস,কুসুম্ভী।
আদর —সম্মান, মর্য্যাদা, অনুরাগ, স্নেহ, যত্ন।
উদর —জঠর, পেট, অভ্যন্তর, যুদ্ধ, উদর রোগ।
কদর —কাঁটাবাব্‌লা,করাত,কড়া। [যাং] মর্য্যাদা,মান্য
কুদর —শস্যাদি রাখিবার আগার, গোলা।
চাদর —[দেং] কাপড় বিং, একপাটা, দোলাই, উড়নি
প্রদর —ঋতুকালে অনেক পরিমাণে রক্তস্রাব,ভঙ্গ,বাণ
ফাদর —[ইং] পিতা, বাপ, জনক।
বদর —কুলগাছ, কুল, কার্পাস ফল।
বাদর —কাপাসনির্ম্মিতবস্ত্রাদি ও তৎ সূত্র,কুলগাছ,কুল
বিদর —বিদারণ,ভেদন,চেরণ,ফণীমনসারগাছ,ধাতুবিং
ব্রদর —[ইং] ভাই, সহোদর।
বাঁদর —[দেং] কপি, মর্কট, বানর।
মদর —[ইং] মাতা, জননী।
সদর —[যাং] প্রকাশ্য, মুখ্য, প্রধান।

সাদর —সসম্মান, আদর যুক্ত।

সুদর —সূর্য্য, দিবাকর।

সোদর—এক গর্ভজাত ভ্রাতা, সহোদর।

ছদ্বর —লতা কুঞ্জ, কুঞ্জবন, দন্ত।

অদ্মর —ভোজন প্রিয়, পেটুক।

অন্দর —[যাং] অন্তঃপুর, ভিতর, দরুণ।

কন্দর —দরী,পর্ব্বতের গহ্বর, অঙ্কুশ, ডাঙ্গস, আদা।

কুন্দর —তৃণ বিং, ঝিন্টী, ঝাঁটী।

বন্দর —বাণিজ্য করিবার স্থান, হাট, বাজার।

মন্দর —পর্ব্বত বিং, মন্দার বৃক্ষ, দর্পণ, হার বিশেষ, বহুল, জড়, অলস, স্থূলাকার, আর্শি, স্বর্ণ।

সুন্দর —মনোজ্ঞ, রম্য, কামদেব, সুরূপ।

উর্দ্দর —বীর, যোদ্ধা, রাক্ষস, দানব।

দর্দ্দর —পর্ব্বত, ঈষৎ বিদীর্ণ, অঙ্ক, ভগ্ন, চিড় খাওয়া।

দুর্দ্দর —ক্লেশকর, দুঃখকর, ভৈষজ্য লতা বিং।

নির্দ্দর —নির্লজ্জ, কঠিন, পুরুষ, নির্ভীক,সার,অধিক।

বার্দ্দর —দক্ষিণাবর্ত্ত শঙ্খ, রেশম, জল, আমের আঁটি, ভারই পাখী, কাকচিঞ্চা শাক।

অধর —নীচের ঠোঁট, নীচ, নিম্ন,নিম্নোষ্ঠ,মুখাবয়ব বিং

ক্ষ্মাধর —পর্ব্বত, গিরি, শৈল।

শ্রীধর —লক্ষ্মীপতি, বিষ্ণু, শালগ্রাম।

ভূধর —অনন্তদেব, পর্ব্বত, যন্ত্র বিং।

অধ্বর —যজ্ঞ,বসু বিং,সাবধান,মনোযোগী,অপ্রমত্ত।
কন্ধর —গলদেশ, গ্রীবা, জলধর, মেঘ, স্কন্ধ।
দুর্দ্ধর —কষ্টবহ, দুঃসহ, দুর্নিবার, দুর্গম্য, নরক বিং, পারদ, ভেলা, দৈত্য বিং, ঋষভৌষধি।
ধূর্দ্ধর —ধুরন্ধর, ভারবাহী, প্রধান।
পুনর —দ্বিতীয় বার, পুনর্ব্বার,অবধারণ,অধিকার,ভেদ
বানর —(বান্দর) জন্তু বিং,কপি, শাখামৃগ,প্লবঙ্গ,হনুমান
মীনর —জল জন্তু বিং, হাঙ্গর।
কিন্নর —কিম্পুরুষ, দেবলোকের গায়ক, ময়ূর, বানর।
অপর —অন্য, অসাধারণ, পশ্চিম, শত্রুপক্ষ, অধম, হীন, প্রতিকুল, হস্তীর পাছা। [ইং] উপর।
উপর —ঊর্দ্ধ্ব, উন্নত ভাগ, ঊর্দ্ধ্বতন।
ছাপর —(দেং) ছত্রী,আচ্ছাদন,ছপ্পর (ইং)রাত্রের খানা
টোপর —[দেং] মস্তকাবরণ বস্ত্র, মুকুট, মস্তকাবরণ।
দ্বাপর —তৃতীয় যুগ, ৮৬৪০০০ বৎসর পরিমাণ।
হাপর —[দেং] ধাতু আবর্ত্তন পাত্র।
খপ্পর —খুলি, খাপরেল, ছত্র, অঞ্জন, চোর, ধূর্ত্ত।
ছপ্পর —(দেং) চাল, ছাদ, আচ্ছাদন। (যাং) স্থানান্তর
ছাপ্পর —[দেং] ঘরের চাল, পাটাতন।
তৎপর —সচেষ্ট, আসক্ত, ব্যগ্র, নিপুণ, তদনন্তর।
কর্পর —মাথার খুলি, খাপরা, কুর্ম্মের পৃষ্ঠাস্থি, কটাহ
কুপর —কনুই, হাঁটু, জানু।

খর্পর —ধূর্ত্ত, চোর, ভিক্ষা পাত্র। (দেং) খাপর, শুল্পী।

পার্পর —কৃতান্ত, যম। পাঁপর—(দেং) খাদ্য দ্রব্য বিং।

নফর —[যাং] ভৃত্য, সেবক, চাকর।

শফর —[সফর] প্রোষ্ঠী, পুঁটিমাছ। (যাং) মফঃস্বল।

অবর —কনিষ্ঠ, নিকৃষ্ট, অধম, পশ্চাদ্বর্ত্তী।

কবর —কেশপাশ, কর্ব্বুর বর্ণ, সম্পৃক্ত, খচিত, লবণ, অম্ল। [যাং, কব্বর] গোর। [ইং] আবরণ।

খবর —(যাং) সংবাদ, সমাচার।

কুবর —কুব্জ, কুঁজো, মনোহর, কাচ্‌, জাতি বিং।

গাবর —[আবর] (যাং) নির্ব্বোধ, অকর্ম্মা।

গোবর —[দেং] গোবিষ্ঠা, গোময়।

চীবর —কৌপীন, চীর, বল্কল, বৌদ্ধ, সন্ন্যাসীর পরিধেয়।

ডাবর —[দেং] তৈজস পাত্র বিং।

তাবর —ধনুকের ছিলা।

তীবর —সমুদ্র, সাগর, ব্যাধ, জেলে, তীয়র জাতি।

তুবর —[তুবর] সঙ্কোচক, শ্মশ্রুবিহীন, অল্পবয়স্ক, কষা।

স্থাবর —স্থিতিশীল, বৃক্ষ, স্থায়ীপদার্থ, ধনুকের ছিলা, পর্ব্বত

দেবর —পতির কনিষ্ঠ ভ্রাতা, দেওর।

ধীবর —জেলে, কৈবর্ত্ত, জালজীবী।

নীবর —বাণিজ্য, বসতি স্থান, ভিক্ষুক, পরিব্রাজক, বাস্তব্য, ব্যবসা, জল, পঙ্ক, পাঁক, কর্দ্দম।

পীবর —স্থূল, বলিষ্ঠ, বায়ু, অঙ্কুশ, মোটা।

প্রবর —গোত্র,সন্ততি,আচ্ছাদন, অত্যুত্তম, মুনি বিং।

প্রাবর —ভিত্তি, প্রাচীর, বেড়া, বেষ্টন, উত্তরীয় বস্ত্র।

বিবর —গর্ত্ত, রন্ধ্র, ছিদ্র, দোষ, বিচ্ছেদ, পৃথক্ ভাব।

বীবর —স্বনাম প্রসিদ্ধ জন্তু বিং। ফিবর--(ইং) জ্বর।

শবর —কিরাত,ব্যাধ,চণ্ডাল,পুক্কশ,শিব,শাস্ত্রবিশেষ, হস্ত, জল, নিষাদ, ম্লেচ্ছজাতি বিং।

সবর —জল, মহাদেব।

শাবর —দোষ, পাপ, অপরাধ, লোধ্র বৃক্ষ, শবর কৃত ভাষ্য, মৃগচর্ম্মশয্যা,শবর সম্বন্ধীয়,তন্ত্রশাস্ত্রবিং

সাবর —পাপ, অপরাধ, অংহঃ, আগঃ, লোধ্র বৃক্ষ।

সিবর —করী, দ্বিরদ, হস্তী।

সৌবর —স্বর সম্বন্ধীয়, সুর নিবদ্ধ।

শংবর —জল, জীবন, বারি, কমল।

সংবর —জল, ধন, অসুর-মৎস্য-মৃগ-বৌদ্ধব্রত বিং।

অম্বর —আকাশ, কার্পাস, তুলা, গন্ধ দ্রব্য বিং,অভ্র,বস্ত্র

উম্বর —দেহলী, চৌকাঠের উপরিস্থ কাঠ।

কম্বর —কর্ব্বুর বর্ণ। (ইং) ঘাবরাণ।

ডম্বর —প্রসিদ্ধ, বিখ্যাত, উৎকর্ষ, আড়ম্বর।

নম্বর —সংখ্যা,একাদিক্রম,জনতা। মেম্বর--(ইং)সভাস্থ

শম্বর —অসুর,যুদ্ধ,মৎস্য,পর্ব্বত,মৃগ,বসু,জল,ধন,ব্রতবিং

সম্বর —জল, সংবরণ, ইন্দ্রিয় দমন, দৈত্য-মৃগ-মৎস্য-নাটক বিং, পর্ব্বত, সেতু, লবণ বিং।

কর্ব্বর —ব্যাঘ্র, রাক্ষস, বাঘ।
গর্ব্বর —যে গর্ব্ব করে, অহঙ্কারী, গর্ব্বিত।
তর্ব্বর —তীক্ষ্ণ স্বর, উচ্চ স্বর।
বর্ব্বর —[দেং] বোকা, নির্ব্বোধ, বণিক দ্রব্য বিং, বোল, সিন্দুর, পীত চন্দন, হিঙ্গুল, বৃক্ষ বিং, বাউরি চুল, কীট বিং, অস্ত্রের শব্দ, নৃত্য প্রকার বিং, কাল বাবুই, দেশ বিং, কেশ, গোঁয়ার, নিচজাতি, পামর (ভূতে পশ্যন্তি বর্ব্বরাঃ)।
শর্ব্বর —কামদেব, মদন, অন্ধকার।
শার্ব্বর —অন্ধতমঃ, নিবিড় অন্ধকার, ঘাতুক, রাত্রিকালীন
গহ্বর —দেবখাত, গর্ত্ত, পর্ব্বত কন্দর, নিকুঞ্জ, কপটতা
জম্ভর —জম্বীর লেবু, বুদ্ধ বিশেষ।
বম্ভর —মধুমক্ষিকা, ভ্রমর।
দুর্ভর —দুঃসহ, দুর্ব্বহ, গুরু, ভারী।
নির্ভর —অতিরিক্ত, সারাংশ, ভার, আশ্বাস, আশ্রয়, পূর্ণ।
অমর —দেবতা, অমরসিংহ কবি, পারদ, দেবদারু বৃক্ষ, দূর্ব্বা, খুঁটি, মরণশূন্য, বায়ু বিং, সুবর্ণ, ইন্দ্রপুরী।
উমর —(ষাং) বয়ঃক্রম, বয়স।
গুমর —[দেং] অহঙ্কার, দম্ভ, মাৎসর্য্য, গ্রীষ্ম।
চমর —[চামর] বালব্যজন, পশু বিং।
সৃমর —গমনশীল, মৃগ বিং।
ঝামর —টেকো প্রভৃতি শাণ দিবার ক্ষুদ্র পাথর।

ডমর —দাঙ্গা, মারামারি, বিপ্লব, চিৎকার, পলায়ন।
ডামর —তন্ত্রশাস্ত্র বিং, বিস্ময়, বিবাদ, গোলমাল।
তগর —সীসক, সীসা।
তাগর —জল, সলিল, ঘৃত, ঘি।
তোমর —অস্ত্র বিং, শাবল, হস্তক্ষেপ্য শল্যদণ্ড, রায়বাঁশ।
দ্রুমর —কণ্টক, কাঁটা।
পামর —খল, দুষ্ট, অধম, নীচ, পাপী, মূর্খ।
ভ্রমর —মধুকর, কামুক, অপস্মার রোগ, যাহা ঘুরে।
ভ্রামর —ভ্রমরজ মধু, নৃত্য বিং, গ্রাম, চুম্বক পাথর।
সমর —যুদ্ধ, লড়াই, সংগ্রাম।
দুর্ম্মর —যে অতি কষ্টে মরে, কষ্ট মৃত্যু, কঠিনপ্রাণী।
মর্ম্মর —নূতন বস্ত্র ও শুষ্ক পত্রাদির শব্দ, মর্ম্মরশব্দকারী
শর্ম্মর —বস্ত্র বিং, সুখ দায়ক, দারু হরিদ্রা।
অরর —কবাট, কোষ, খাপ্, রণ, যুদ্ধ, চর্ম্মকর্ত্তকছুরিকা বিং
কুরর —যে করুণা ধ্বনি দ্বারা ধৈর্য্য নষ্ট করে, কুরল পক্ষী, মেষ, উৎক্রোশ পাখী।
অড়র —(দেং) কলাই বিং, অড়হর।
গাড়র —(দেং) মেষ, মেড়া, ভেড়া।
ঝালর —(দেং) জালী, চন্দ্রাতপাদির বেষ্টন বস্ত্র, স্ত্রী-দিগের পদাঙ্গুলির আভরণ বিং।
বল্লর —বনকুঞ্জ, মঞ্জরী, কৃষ্ণাগুরু, গহন।
পার্লর —(ইং) বৈঠকখানা।

আশর —অগ্নি, রাক্ষস, (যাং) সভাস্থল, সংগীত স্থল।
আসর —রাক্ষস, (যাং) সভাস্থাল, মজলিস।
ঊষর —লোণা ভূমি, অনুর্ব্বরা দেশ।
কাসর —যে সর্ব্বদা জলে গমন করে, মহিষ।
কৃশর —(কৃসর) তিলান্ন বিং, তিলের খিঁচুড়ী।
কেশর —[কেসর] যে জলে জীর্ণ হয়, কিঞ্জল্ক, পুষ্পমধ্যস্থ কেশাকার নাড়ী, বকুলফুল, নাগকেশর, চুল বিং
কাঁসর —(দেং) কাংস্যনির্ম্মিত বাদ্যযন্ত্র বিং, রোগ বিং।
তসর —[ত্রসর] পট্ট বস্ত্র বিং, সুতার ঘেরা।
ত্রসর —তন্তুবায়ের উপকরণ বিং, মাকু, তুরী, পট্টবস্ত্র বিং
ত্রিসর —তিল মিশ্রিত অন্ন, তিলযাউ।
দোসর —(দেং) সঙ্গী, সাথী, দ্বিতীয়।
ধূসর —ঈষৎ পাণ্ডুবর্ণ, উষ্ট্র, গর্দ্দভ, কপোত, তৈলকার
প্রসর —অস্ত্র, বেগ, প্রণয়, স্নেহ, সমূহ, যুদ্ধ, চলন, উৎপত্তি, প্রকর্ষ, স্বার্থ প্রবৃত্তি, ব্যাপ্তি, বিস্তার।
বাসর —দিবস, নাগ বিং, বিবাহ রাত্রির শয়ন গৃহ।
বিশর —হত্যা, বধ, নাশ, হিংসা।
বিসর —সমূহ, দল, বিস্তার, প্রসার, সকল।
বেশর —[বেসর] অশ্বতর, খচ্চর, নাসিকা ভূষণ বিং।
মাসর —ভাতের মাড়, ফেন, রশা।
সোসর—(দেং) সাহায্য, আনুকুল্য।
ঈশ্বর —শিব, ব্রহ্ম, পরমেশ্বর, প্রভু, অধিপতি।

নশ্বর —নাশশীল, অনিত্য, অস্থায়ী, অপকারী।
ভাস্বর —দীপ্তিশীল, দীপ্তিবিশিষ্ট।
আশ্মর —প্রস্তর জাত, প্রস্তর সম্বন্ধীয়।
ঘস্মর —অস্মর, খাদক, ভক্ষক।
বৎসর —যাহাতে ঋতু সকল বাস করে=বছর, হায়ন।
মৎসর —বৈর, হিংসা, দ্বেষ, ক্রোধ, ক্রুদ্ধ, কৃপণ, পরশ্রীকাতর
আহর —যাহা ভিতরে গ্রহণ করা যায়, উচ্ছাস, অন্ত-
মুর্খ শ্বাস, গ্রহণ, আহরণ।
কুহর —গহ্বর, ছিদ্র, কর্ণ, গলা, কণ্ঠধ্বনি, সমীপ, নাগবিং
খহর —যে ভগ্নাংশের লবশূন্য (০)।
জহর —(যাং বিষ, গরল, কালকূট।
ঠাহর —(দেং) দৃষ্টি, অনুমান, বিবেচনা।
ডহর —(দেং) নৌকার খোল, নিম্নস্থান, সরোবর।
দহর —শিশু, নেঙটে ইন্দুর, স্বল্প, সূক্ষ্ম, হৃদয়াকাশ।
প্রহর —যাম, দিবা রাত্রের ৮ ভাগের এক ভাগ।
বহর —(দেং) নৌকা সমূহ। (দেং) প্রস্থ।
বিহর —বিহার, বিচ্ছেদ।
সহর —(যাং) রাজধানী, মহানগর।

অর—অন্ত। (৪) চতুরক্ষর।

ক্রিয়েটর্ —(ইং) সৃষ্টি কর্ত্তা।
থিয়েটর্ —(ইং) নাট্যশালা, নাচঘর।
গভর্ণর্ —(ইং) শাসন কর্ত্তা।

কোকাম্বর্—(ইং) শস্য, ফল বিং।
প্যাগাম্বর্ —(যাং) মুসলমানের পীর।
প্যারামর্ —(ইং) উপপতি।
প্রফেসর্ —(ইং) অধ্যাপক।
ছায়াকর —ছত্রধারী, যে ছায়া করে, মিথ্যা।
মায়াকর —মায়াকারী, ঐন্দ্রজালিক, বাজীকর।
আকেকর —বক্রাক্ষি, টেরা, মকর রাশি।
শুক্রকর —মজ্জা, বীর্য্যকারক।
সুখকর —সুখজনক, প্রীতিপ্রদ, সুসাধ্য।
শিক্ষাকর —শিক্ষাকারক; যে শিখে, বেদব্যাস।
অগ্রকর —দক্ষিণ হস্ত, ডান হাত, কিরণের শেষ ভাগ
রাজকর —রাজার প্রাপ্য, রাজার খাজনা, রাজস্ব।
বাজীকর —কুহকী, ভেল্কীকারক।
পঞ্জিকর —লেখক জাতি=কায়স্থ, পাঁজি প্রস্তুতকারক
বটাকর —রজ্জু, দড়ী, গুণ।
আটীকর —বৃষ, ষাঁড়।
পুষ্টিকর —পোষক, বৃদ্ধিকারক, প্রতিপালক, স্থূলতাকারী
দ্যূতকর —পাশকাদি ক্রীড়ক, দুরোদর, জুয়াড়ি।
শীতকর —[সিতকর, নিশাকর, রাত্রিকর] চন্দ্র।
হিতকর —মঙ্গল দায়ক, উপকারক।
কৃতিকর —ক্ষমতাবান্, কার্য্যদক্ষ, রাবণ।
দ্যুতিকর —ধ্রুব নক্ষত্র, দীপ্তিকারক, সুন্দর।

ব্যতিকর —ব্যসন, বিপদ, ব্যাপ্তি, সম্পর্ক, সমূহ, মিশ্রণ।
প্রীতিকর —আহ্লাদ জনক, হর্ষ জনক, তৃপ্তিকর।
চিত্রকর —যে ছবি লেখে=পটুয়াজাতী।
ভক্তকর —কৃত্রিম ধূপ, পাচক।
অন্তকর —বিনাশকারী, সংহারক, সাংঘাতিক।
রথকর —রথ নির্ম্মাণ কর্ত্তা, ছুতার।
রথ্যাকর —পথকর, রাস্তার মাশুল, রোডছেছ।
অর্থকর —প্রয়োজন মত, কার্য্যকারক, ধনোৎপাদক।
তীর্থকর —শাস্ত্রকার, জিন, বৌদ্ধমত প্রবর্ত্তক মুনি।
বাদ্যকর —বাজাওয়ালা, বাদ্যকারক।
পদ্মাকর —সরোবর, পদ্মবিশিষ্ট-গভীর জলাশয়।
নান্দীকর —মঙ্গল যুক্ত স্তুতিপাঠক, নান্দীপাঠক।
শব্দকর —শব্দকার, ধ্বনিকারক।
বোধকর —নিশান্তে যে জাগরিত করাইয়া দেয়-বন্দী
সুধাকর —[ক্ষপাকর, হিমকর] চন্দ্র, কর্পূর।
মধুকর —ভ্রমর, ভৃঙ্গরাজবৃক্ষ, ভিক্ষুক, কামী, বল্লভ।
দধ্যাকর —দধি সমুদ্র, তক্রার্ণব।
দিনকর —(দিবাকর) সূর্য্য, ভাস্কর, ভানু, তপন।
বনকর —জঙ্গলা মহালের খাজনা।
ফণাকর —সর্প, বিষধর, অহি, ভুজঙ্গ, উরগ।
রত্নাকর —সমুদ্র, সাগর, রত্নের খনি, বাল্মিকী মুনি।
লিপিকর —(লিবিকর) লেখক, চিত্রকর।

ঘৃণাকর —নিন্দিত, ঘৃণ্য, ভৎর্সিত।
কাপ্যকর —আত্মপাপ ভাষী, স্বকৃত পাপ বক্তা।
তপঃকর —তপ্‌সে মাছ, যে তপস্যা করে।
অবকর —আবর্জ্জনা, জঞ্জাল, অতি বর্ষণ, বিক্ষেপ।
দ্রাবকর —যে কঠিন সুবর্ণাদি ধাতু দ্রব করে, সোহাগা
শিবকর —(শুভকর) শুভদায়ক, ক্ষেমঙ্কর, কুশলজনক।
দর্ব্বীকর —হাতা নির্ম্মাণকারী, সর্প, অহি।
প্রভাকর —সূর্য্য, অগ্নি, চন্দ্র, সমুদ্র, তেজস্কর, অর্কবৃক্ষ, মীমাংসজ্ঞ, পণ্ডিত বিং, মরিচীমালী।
গর্ভকর —জিয়াপুতা গাছ, জনক, পিতা, উৎপাদক।
চমীকর —স্বর্ণ খনি।
চামীকর —স্বর্ণ, ধুতূরা, সোণা, ধুস্তুর।
কর্ম্মকর —যে বেতন গ্রহণ করিয়া কর্ম্ম করে, ভৃত্য, কারিকর, কামার, লৌহকার, যম।
কারিকর —শিল্পী, শিল্পকারী, যে শিল্প কার্য্যে নিপুণ।
পরিকর —সাহায্য কারী, শয্যা, সহচর, পরিবার, অনুযাত্রিক, কটিবন্ধ, আরম্ভ, নিষ্পত্তি, বিবেক, হিতাহিত জ্ঞান, অর্থালঙ্কার বিং, খাট, বৃন্দ
ব্রীড়াকর —লজ্জাকর, ত্রপাজনক।
জলকর —জলস্থানের খাজনা। (দেং) জল ভাগ।
ফলকর —(বনকর) বৃক্ষাদির খাজনা।
জলাকর —নৌকাবদ্ধ লৌহ, জলই।

তৈলাকর —তিল, সর্ষপাদি।

মালাকর —মালাকার, মালী, পুষ্পজীবী।

মল্লীকর —চোর, তস্কর, মলিম্লুচ।

কুশাকর —যজ্ঞাগ্নি, দহন, বহ্নি, অনল।

দোষাকর —দোষী, অপকারী, চন্দ্র, শশী।

নিশাকর —চন্দ্র, কুক্কুট, ইন্দু, শশী, সুধাংশু।

বিশাকর —ভদ্রচূড় গাছ, লঙ্কাসিজের গাছ।

বহুকর —মার্জ্জনকারী, ভূমি সম্মার্জ্জক, ফরাস, উষ্ট্র, বহু কার্য্যকর্ত্তা, কর্ম্মশীল। (দেং) বহু রাজস্ব

অসৃক্কর —শরীরস্থ রস ধাতু।

মনাক্কর —মল্লিকার গন্ধ যুক্ত অগুরু।

প্রিয়ঙ্কর —প্রীতি ভাজন, প্রিয় কারক।

ভয়ঙ্কর —ভয় জনক, ভীষণ, দারুণ, ভীম, ঘোর।

অকঙ্কর —কঙ্কর হীন, কাঁকর রহিত।

অকিঙ্কর —কুভৃত্য, ভৃত্য হীন, দাস্যভাব শূন্য।

তীর্থঙ্কর —জিন।

ভদ্রঙ্কর —(শিবঙ্কর, শুভঙ্কর, ক্ষেমঙ্কর) শুভজনক, ভদ্র।

কুরঙ্কর —সারস পক্ষী।

পলঙ্কর —ধাতু বিশেষ, পিত্ত।

মকুৎকর —কলায় বিং, বরবটী।

ঈষৎকর —অত্যল্প, অল্পায়াস সাধ্য, কিঞ্চিৎ।

শিবঙ্কর —শুভজনক, মঙ্গলজনক, শুভকর।

আয়ুষ্কর —পরমায়ু বৃদ্ধি কারক, আয়ু বৃদ্ধিকর বস্তু।
তেজস্কর —তেজো বৃদ্ধি কারক, তেজাল।
চতুষ্কর —চতুর্হস্ত যুক্ত, যার হস্ত ও পদাগ্রভাগ হস্তবৎ
সুদুষ্কর —অতিশয় ক্লেশে সম্পাদনীয়,অতি দুঃসাধ্য।
ধনুষ্কর —ধনুর্দ্ধর, তীরন্দাজ।
অপস্কর —অক্ষ-যুগ-চক্রাদি, রথাবয়ব, বিষ্ঠা, গুহ্যদ্বার
উপস্কর —প্রয়োজনীয়দ্রব্য,তিরস্কার,শব্দের অধ্যাহার,
উপকরণ,অপবাদ,ব্যঞ্জনের মসলা,বাটনা।
অবস্কর —জঞ্জাল, ময়লা, বিষ্ঠা, গুহ্য দেশ।
অরুষ্কর —মর্ম্মব্যথা দায়ক, ক্ষতকারক, ভল্লাতক বৃক্ষ
অহস্কর —দিবাকর,সূর্য্য,ভাস্কর,ভানু,তপন,রবি।
দোঃশিখর—স্কন্ধ, কাঁধ।
জিতাক্ষর —সুপাঠক, অক্ষর বিজয়ী।
মিত্রাক্ষর —পদ্য বিং,যার প্রতি চরণে অভিন্নবর্ণ থাকে
কদক্ষর —কুৎসিত অক্ষর, জঘন্য লেখা।
অধ্যক্ষর —ওঙ্কার, প্রণব, বীজ, ওঁ।
অনক্ষর —কুৎসিত কথোপকথন, বর্ণজ্ঞানহীন, মূর্খ।
ঘুণাক্ষর —ঘুণ কৃত অক্ষর, ইঙ্গিত, অযত্নকৃত অক্ষর।
অজগর —বৃহৎ সর্প, বড় সাপ, বাহস।
কোজাগর—আশ্বিনী পূর্ণিমা, কৌমুদী, জ্যোৎস্না।
প্রজাগর —অতিশয় জাগরণ, প্রবোধন, জাগরূক।
কড়ঙ্গর —কুঁড়া, তুষ, ভুষি, আগরা, বিচালি।

একচর —একাকী, সহচর শূন্য, গণ্ডার, অধীন।
পক্ষচর —চন্দ্র, হস্তী, কিঙ্কর, সহচর।
বৃক্ষচর —জন্তু বিং, কপি, শাখামৃগ, প্লবঙ্গ, হনুমান।
যোগচর —হনুমান।
অগোচর —অবিষয়, অজ্ঞাত, অপ্রত্যক্ষ।
ইটচর —বৃষ, ষাঁড়।
কুটিচর —জলচর জন্তু বিং, শুশুক, যোগ বিং।
কুটীচর —পুত্রান্নজীবী, দণ্ডী, যতি বিং।
পৃষ্ঠচর —পশ্চাদ্ভাগে স্থিত।
রাত্রিচর —[নক্তচর,নিশাচর]পেঁচা,বিড়াল,রাক্ষস, চোর
পঙ্‌ক্তিচর —কুরর পক্ষী।
দ্বন্দ্বচর —যাহারা স্ত্রীপুরুষে চরে—চক্রবাক পক্ষী।
বনচর —[বনেচর] বনবাসী, ব্যাধ, কিরাত।
অনুচর —[অভিচর,সহচর] ভৃত্য, সপক্ষ, সহায়।
ক্ষপাচর —নিশাচর, রাক্ষস।
উভচর —যাহারা জলে ও স্থলে উভয়স্থানে বাসকরে
কামচর —সর্ব্বত্রগামী, স্বেচ্ছাচারী।
চমূচর —সৈনিকপুরুষ,যোদ্ধা,সেনানায়ক,সৈন্যাধ্যক্ষ
ইরাচর —জলচর, করকা, শীল।
চরাচর —স্থাবর ও জঙ্গম, জগৎ, কপর্দ্দক, কড়ি।
পরিচর —রক্ষি সৈন্য, অনুচর, বডিগার্ড, ভৃত্য।
[illegible] —মৎস্য, মীন,জলজন্তু,জলচারী।

জলচর —(জলেচর) হংস, বক, মৎস্যাদি ও জলজন্তু।
নিশাচর —রাক্ষস, শৃগাল, পেঁচা, সর্প, চক্রবাক, ভূত, চোর
পশুচর —পশুগণের চরিবার স্থান।
পার্শ্বচর —পার্শ্ববর্ত্তী, ভৃত্য, অনুচর।
সহচর —সঙ্গী, বয়স্য, বন্ধু, জামিন, প্রতিভূ।
পটচ্চর —জীর্ণ বস্ত্র, চোর, দেশ বিশেষ।
পাটচ্চর —চোর, তস্কর, দস্যু।
সমুচ্চর —সম্যক্ উচ্চারণ, পরিত্যাগ।
রাত্রিঞ্চর —(নক্তঞ্চর) রাক্ষস, চোর, প্রহরী, বিড়াল।
সুদুশ্চর —সাতিশয় ক্লেশে সম্পাদনীয়, অতি দুঃখসাধ্য
অধশ্চর —অধোগামী, চোর, চৌর।
শনৈশ্চর —শনিগ্রহ, রবি সুত।
নভশ্চর —পক্ষী, বিদ্যাধর, গন্ধর্ব্ব প্রভৃতি, বায়ু, মেঘ, সূর্য্যাদি গ্রহ, রাক্ষস, গগণবিহারী, দেবতা।
বহিশ্চর —কর্ক্কট, কুলীর।
আমজ্বর —কোষ্ঠ বদ্ধ জনিত জ্বর রোগ।
গিরিজ্বর —অশনি, বজ্র।
পালাজ্বর —নিয়মিত জ্বর-দ্ব্যাহিকাদি।
কঠিঞ্জর —পলাশ বৃক্ষ, শক্তজ্বর।
ভপঞ্জর —নক্ষত্র চক্র।
উৎপিঞ্জর —পিঞ্জর মুক্ত, বন্ধন মুক্ত।
পুরঞ্জর —বগল, কুক্ষি।

অলঞ্জর —(আলিঞ্জর) মাটির কলসী, জালা।
কালঞ্জর —মৃত্যুঞ্জয়, শিব,যোগিচক্র, পর্ব্বত-দেশ বিং।
অহর্জ্জর —সংবৎসর।
ওয়াটর —(ইং) জল, বারি, নীর।
প্রকাণ্ডর —বৃক্ষ, গাছ, তরু।
প্রিয়তর —অতিশয় প্রিয়, বৃক্ষ বিং, ময়ূর পুচ্ছ।
একতর —দুয়ের মধ্যে এক, অন্যতর (বাং)একপ্রণালী
অকাতর —দুঃখবোধরহিত, অনায়াস,কাতরতাশূন্য।
শ্রীকাতর —শুভ দ্বেষ্টা, মৎসর, হিংসাকারী।
উক্ষতর —বৃহৎ বৃষ, বড় যাঁড়।
বিসৃতর —বিসারী, ব্যাপনশীল।
সিতেতর —কৃষ্ণবর্ণ যুক্ত, শুভ্র বর্ণ ভিন্ন অন্য বর্ণ, কাল ধান, শ্যামাধান, কুলথ কলায়।
অনুতর —ভাড়া, তরপণ্য, পারাণী কড়ী, আতর।
গোপ্রতর —তীর্থ বিং, গোদিগের নদী পার হওয়া।
কবুতর —পারাবত, পায়রা।
শিবেতর —অমঙ্গল, অশিব।
যাণ্মাতর —কার্ত্তিকেয়, ষড়ানন।
খরতর —তীব্র, তীক্ষ্ণ, প্রখর।
স্থিরতর —অতিস্থির, দৃঢ়তর, নিশ্চিত, চিরস্থায়ী।
গুরুতর —দুয়ের মধ্যে অধিকতর।
অশ্বতর —গর্দ্দভ, খচ্চর, সর্প-গন্ধর্ব্ব বিং, বেগতর।